॥ শ্রীগুরু-গৌরাঙ্গৌ জয়তঃ ॥

দশমঃ স্কন্ধঃ

পঞ্চাশোঽধ্যায়ঃ

—✪—

শ্রীশুক উবাচ ॥

অস্তিঃ প্রাপ্তিশ্চ কংসস্য মহিষ্যৌ ভরতর্ষভ।
মৃতে ভর্ত্তরি দুঃখার্ত্তে ঈয়তুঃ স্ম পিতুর্গৃহান্ ॥ ১ ॥

১। **অন্বয়** : হে ভরতর্ষভ (ভরতকুল শ্রেষ্ঠ !) অস্তিঃ প্রাপ্তিঃ চ কংসস্য মহিষৌ ভর্ত্তরী (স্বামিনি কংসে) মৃতে [সতি] দুঃখার্ত্তে স্বপিতুঃ [জরাসন্ধস্য] গৃহান্ ঈয়তুঃ (জগ্মতুঃ)।

১। **মূলানুবাদ** : গোকুল ও পাণ্ডবকুলকে সান্ত্বনা দেওয়ার জন্য উভয়স্থানেই যেতে শ্রীকৃষ্ণ সমর্থ হলেও নরলীল হওয়া হেতু সে বিষয়ে অন্তরায় প্রায় যে মহাযুদ্ধাদি তাই আগে বলে নেওয়া হচ্ছে—

শ্রীশুকদেব বলছেন—হে ভরতকুল শ্রেষ্ঠ পরীক্ষিৎ ! অস্তি-প্রাপ্তি নামক কংস-মহিষীদ্বয় স্বামীর মৃত্যুর পর দুঃখার্তা হয়ে পিতা জরাসন্ধের গৃহে গমন করল।

মহাব্ধিমধ্যে পতিতং ব্যাকুলং শরণাগতম্।
চৈতন্যদেব ভগবন্ পারং প্রাপয় সত্বরম্ ॥

১। **শ্রীজীব বৈ. তো. টীকা** : গোকুলং পাণ্ডবকুলঞ্চ সান্ত্বয়িতুমুভয়ত্র গন্তুমর্হেঽপি শ্রীভগবতি নরলীলত্বাদন্তরায়-প্রায়ং মহাযুদ্ধাদিকং বক্তুমারভতে—অস্তিরিত্যাদিনা। হে ভরতর্ষভেতি খলু ক্ষত্রিয়স্ত্রীণাং স্বভাবস্তয়া জ্ঞায়ত এবেতি ভাবঃ। দুঃখেনার্ত্তে ব্যগ্রে, স্বশব্দেন সম্প্রতি পতিগৃহে মমত্বাভাবঃ সূচিতঃ। স্মেতি ক্বচিৎ পাঠঃ ॥ জী ১ ॥

হে ভগবান্ চৈতন্যদেব ! মহাসমুদ্র মধ্যে পতিত ব্যাকুল শরণাগত আমাকে সত্বর উদ্ধার করুন।

১। **শ্রীজীব বৈ. তো. টীকানুবাদ** : গোকুল ও পাণ্ডবকুলকে সান্ত্বনা দিতে উভয়স্থানেই

পিত্রে মগধরাজায় জরাসন্ধায় দুঃখিতে।
বেদয়াঞ্চক্রতুঃ সর্ব্বমাত্মবৈধব্যকারণম্ ॥ ২ ॥
স তদপ্রিয়মাকর্ণ্য শোকামর্ষযুতো নৃপ।
অযাদবীং মহীং কর্ত্তুং চক্রে পরমমুদ্যমম্ ॥ ৩ ॥

২। **অন্বয়** ঃ দুঃখিতে (দুঃখাভিব্যঞ্জক রোদনাদিযুক্তে অস্তিপ্রাপ্তি) পিত্রে মগধরাজায় জরাসন্ধায় আত্ম- বৈধব্যকারণম্ সর্বং বেদাঞ্চক্রতুঃ (নিবেদয়ামাসতুঃ)।

৩। **অন্বয়** ঃ [হে] নৃপ পরীক্ষিৎ !) স (জরাসন্ধঃ) তৎ (পুত্রীভ্যাং নিবেদিতং) অপ্রিয়ং (জামাতৃবধাদি বচনং) আকর্ণ্য (শ্রুত্বা) শোকামর্ষযুতঃ (কংসে শোকশ্চ কৃষ্ণে অমর্ষশ্চ শোকামর্ষৌ তাভ্যাং সংযুক্তঃ) মহীং অযাদবীং কর্ত্তুং পরম্ উদ্যমং চক্রে (কৃতবান্)।

২। **মূলানুবাদ** ঃ অস্তি ও প্রাপ্তি পতিশোকে অত্যন্ত কাতর হয়ে কাঁদতে কাঁদতে পিতা মগধরাজ জরাসন্ধের নিকট নিজেদের বৈধব্যের কারণ নিবেদন করল।

৩। **মূলানুবাদ** ঃ হে রাজা পরীক্ষিৎ ! নৃপতি জরাসন্ধ কন্যাদ্বয়ের মুখে জামাতা কংসের নিধন বৃত্তান্ত শুনে শোকসন্তপ্ত, এবং ইহা কৃষ্ণের কার্য জেনে তাঁর উপর ক্রুদ্ধ হয়ে পৃথিবী যাদব শূন্য করতে অতিশয় উদ্যোগ করল।

যেতে সমর্থ হলেও শ্রীভগবান্ নরলীল হওয়া হেতু সে বিষয়ে অন্তরায়-প্রায় মহাযুদ্ধাদি বলতে আরম্ভ করা হচ্ছে—অস্তিরিত্যাদি শ্লোকে। **হে ভরতর্ষভ !** —হে পরীক্ষিৎ, ক্ষত্রিয় স্ত্রীদের স্বভাব তুমি নিশ্চয়ই জান, সম্বোধনের এরূপ ভাব। **দুঃখার্ত্তে**—দুঃখে ব্যগ্র হয়ে **স্বপিতুর্গৃহান্**—স্বপিতা জরাসন্ধের গৃহে চলে গেলেন—এখানে 'স্ব' শব্দে সূচিত হচ্ছে, সম্প্রতি পতিগৃহে মমত্ব অভাব। কোথাও পাঠ 'স্ম' স্থানে স্ব ॥ জী০ ১ ॥

২। **শ্রীজীব বৈ০ তো০ টীকা** ঃ মগধদেশস্য রাজ্ঞ ইতি তাবদ্দূরগমনং বোধয়তি। দুঃখিতে দুঃখাভিব্যঞ্জক-রোদনাদিযুক্তে ॥ জী০ ২ ॥

২। **শ্রীজীব বৈ০ তো০ টীকানুবাদ** ঃ **মগধরাজায়**- মগধদেশের রাজা (আধুনিক দক্ষিণ বিহার প্রদেশ, রাজধানি রাজগির) প্রাচীন গিরিব্রজ। এই বাক্যে— তাবৎ দূরগমন বুঝাচ্ছে। **দুঃখিতে**—দুঃখাভিব্যঞ্জক রোদনাদিযুক্ত হয়ে ॥ জী০ ২ ॥

৩। **শ্রীজীব বৈ০ তো০ টীকা** ঃ নৃপঃ সর্ব্বনরপতিঃ সম্রাড়িত্যর্থঃ। নৃপেতি ক্বচিৎ পাঠঃ। অযাদবাং ন বিদ্যন্তে যাদবা যস্যাং তাদৃশীম্; 'অযাদবীম্' ইতি পাঠঃ ক্বচিৎ ॥ জী০ ৩ ॥

অক্ষৌহিণীভির্বিংশত্যা তিসৃভিশ্চাপি সংবৃতঃ।
যদুরাজধানীং মথুরাং ন্যরুধৎ সর্ব্বতো দিশম্। ৪॥

৪। **অন্বয় ঃ** বিংশত্যা তিসৃভিঃ চ অপি (ত্রয়োবিংশতিভিঃ) অক্ষৌহিণীভিঃ সংবৃত (পরিবৃতঃ) যদুরাজধানীং মথুরাং সর্বতো দিশং ন্যরুধৎ (রুরোধ)।

৪। **মূলানুবাদ ঃ** রাজা জরাসন্ধ ত্রয়োবিংশতি অক্ষৌহিণী সঙ্গে নিয়ে যদুগণের রাজধানী মথুরাকে নিচ্ছিদ্ররূপে অবরোধ করল।

৩। **শ্রীজীব বৈ° তো° টীকানুবাদ ঃ** [হে] নৃপ—(পরীক্ষিৎ) সর্বনরের প্রতি অর্থাৎ সম্রাট অযাদবাং—যাদব থাকে না যথায় তদৃশী করতে উদ্যম করল। অযাদবী পাঠও আছে কোথাও ॥ জী° ৩ ॥

৪। **শ্রীজীব বৈ° তো° টীকা ঃ** অক্ষৌহিণী সংখ্যেয়ম্ ; 'খবাণাগ্নি-নবব্যোম চন্দ্র-সংখ্যাঃ পদাতয়ঃ (১০৯৩৫০)। খেন্দু-ষট্-শর-ষট্-সংখ্যা অশ্বাঃ (৬৫৬১০) নাগা রথা অপি। খাদ্রি-নাগেন্দু-দৃক্-সংখ্যা (২১৮৭০) ইত্যোবাক্ষৌহিণী স্মৃতা ॥' ইতি ; যদুরাজধানীমিতি তস্যা নিরোধস্য চ মহত্ত্বে হেতু। সর্ব্বদিঙ্নিরোধে বিশেষঃ শ্রীহরিবংশে জরাসন্ধোক্তৌ—'সর্ব্বতো নগরী চেয়ং জনৌঘৈঃ পরিবার্য্যতাম্। অয়োযন্ত্রাণি যুজ্যন্তাং ক্ষেপণীয়াশ্চ মুদ্গরাঃ। উর্দ্ধঞ্চাপি নিবার্য্যন্তাং প্রাসা বৈ তোমরাস্তথা।' কিঞ্চ, 'মল্লঃ কলিঙ্গাধিপতিশ্চেকিতানঃ সবাহ্লিকঃ। কাশ্মীররাজ্যে গোনর্দ্দঃ করূষাধিপতিস্তথা। দ্রুমঃ কিংপুরুষশ্চৈব পার্ব্বতীয়ো হ্যনাময়ঃ' নগর্য্যাঃ পশ্চিমদ্বারং শীঘ্রমারোধয়ন্ত্বিতি। পৌরবো বৈণুদারবঃ বৈদর্ভঃ সোমকস্তথা। রুক্মী চ ভোজাধিপতিঃ সূর্য্যাক্ষশ্চৈব গালবঃ॥ বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ দন্তবক্রশ্চ বীর্য্যবান্। ছাগলিঃ পুরুমিত্রশ্চ বিরাটশ্চ মহীপতি ॥ কৌশল্যো মালবশ্চৈব শতধন্বা বিদূরথঃ। ভূরিশ্রবাস্ত্রিগর্ত্তশ্চ বাণঃ পঞ্চনদস্তথা॥ উত্তরং নগরদ্বারমেতে দুর্গসহা নৃপাঃ। আরুহ্য চাপি মর্দ্দন্তাং বজ্রপ্রতিমগৌরবাঃ॥ উলূকঃ কৈতবেয়শ্চ বীরশ্চাংশুমতঃ সুতঃ। একলব্যো বৃহৎক্ষত্রঃ ক্ষত্রধর্ম্মা জয়দ্রথঃ॥ উত্তমৌজাশ্চ শল্যশ্চ কৌরবাঃ কেকয়াস্তথা। বৈদেহো বামদেবশ্চ শাকেতশ্চ সিনীপতিঃ॥ পূর্ব্বং নগরনির্ব্যূহমেতেষ্বায়ত্তমস্তু নঃ। অহঞ্চ বরদশ্চৈব চেদিরাজেন সঙ্গতাঃ। দক্ষিণং নগরদ্বারং বারয়িষ্যাম দংশিতাঃ॥' ইতি ॥ জী° ৪ ॥

৪। **শ্রীজীব বৈ° তো° টীকানুবাদ ঃ** ত্রয়োবিংশতি আক্ষৌহিণী—এক অক্ষৌহিণী—১০৯৩৫০ সংখ্যক পদাতি, ৬৫৬১০ সংখ্যক অশ্ব° ২১৮৭০ সংখ্যক হস্তী ও রথ। যদুরাজধানীং—যদুরাজধানী মথুরা তীর্থস্থান বলে মহত্ত্ব বিশিষ্ট তো রয়েছেই—এখন অবরোধের এই আয়োজনের বিশালতাও মহত্ত্বে হেতু হল। সর্বদিক্ অবরোধ বিষয়ে শ্রীহরিবংশে জরাসন্ধ উক্তিতে এরূপ

নিরীক্ষ্য তদ্বলং কৃষ্ণ উদ্বেলমিব সাগরম্।
স্বপুরং তেন সংরুদ্ধং স্বজনঞ্চ ভয়াকুলম্॥ ৫ ॥

চিন্তয়ামাস ভগবান্ হরিঃ কারণমানুষঃ।
তদ্দেশকালানুগুণং স্বাবতারপ্রয়োজনম্ ॥ ৬ ॥

৫-৬। **অন্বয়** ঃ উদ্বেলং (বেলাভূমিমতিক্রান্তং) সাগরং ইব তদ্বলং (জরাসন্ধস্য সৈন্যং), তেন (বলেন) সংরুদ্ধং স্বপুরং [তথা] ভয়াকুলং স্বজনং চ নিরীক্ষ্য হরিঃ কারণ মানুষঃ ভগবান্ কৃষ্ণ তদ্দেশ কালানুগুণং (তদ্দেশ কালানুরূপং) স্বাবতার প্রয়োজনং চিন্তয়ামাস্।

৫-৬। **মূলানুবাদ** ঃ জরাসন্ধের ঐ উদ্বেল সাগরতুল্য সৈন্যমণ্ডলী কর্তৃক নিজপুরী অবরুদ্ধ ও স্বজনগণকে ভয়াতুর নিরীক্ষণ করত ভুভার হরণার্থ মনুষ্যরূপী ভগবান শ্রীকৃষ্ণ স্বীয় অবতার প্রয়োজন চিন্তা করতে লাগলেন।

আছে, যথা—সৈন্যগণ এই মথুরানগরীকে সর্বতোভাবে পরিবেষ্টন করুক। অয়োযন্ত্র, ক্ষেপনীয়াস্ত্র ও মুদ্গর যথাস্থানে স্থাপন কর। প্রাস ও তোমারাস্ত্র দুর্গের উপরিভাগে রাখ।

আরও বলছি,-মল্ল, কলিঙ্গাধিপতি, চেকিতান (সেনাপতি), বাহ্লিক (কুরুবংশ নৃপতি প্রতিপের পুত্র) কাশ্মীররাজ, গোনর্দ, করূষাধিপতি, দ্রুম, কিম্পুরুষ এবং পার্বতীয় অনাময়— ইহারা নগরীর পশ্চিমদ্বার শীঘ্র রুদ্ধ করুক!

পৌরব বেণুদারিদ্র, বৈধর্ভসোমক, রুক্মী, ভোজাধিপতি, সূর্যাক্ষ, গালব, অবন্তীদেশাধিপতি বিন্দ ও অনুবিন্দ, বীর্যশালী দন্তবক্র, ছাগলি, পুরুমিত্র, বিরাটমহীপতি, কৌশল্য, মালব, শতধন্বা, বিদুরথ, ভুরিশ্রবা, ত্রিগর্ত, বাণ এবং পঞ্চনদ—ইহারা গুরুত্বে বজ্রসদৃশ এবং দুর্গসহ, অতএব এরা উত্তরদ্বারে অধিরোহণ করে মর্দানি দেখাতে থাকুন।

কৈকেতয়, উলুক, অংশুমান্-পুত্র বীর, একলব্য, বৃহৎক্ষত্র, ক্ষতধর্মা, জয়দ্রথ, উত্তমৌজা, শাল্ব, কৌরবগণ, কেকয়গণ, বৈদেহ, বামদেব এবং শাকেত দেশবাসী সিনীপতি,—নগরের পূর্বদ্বার এদের করায়ত্ত হোক।

আর আমি, দরদ ও শিশুপাল নৃপতি একত্র হয়ে বর্মিতগাত্রে নগরের দক্ষিণদ্বার অবরোধ করি গিয়ে॥ জী০ ৪ ॥

১-৪। শ্রীবিশ্বনাথ টীকা ঃ দশমস্যৈষ পূর্ব্বার্দ্ধোহনুগৃহ্ণাত্বে ধিয়ং যথা। পরার্দ্ধোঽপ্যনুগৃহ্ণাতু তথা শ্রীগুরুবে নমঃ॥ ০ ॥

পঞ্চাশত্তম ঈশোঽপি বিজিত্যাপি জরাসুতম্। দ্বারকাং স্বজনং নিন্যে তদ্ভীত্যাষ্টাদশে মৃধে ॥ বি০ ১-৪ ॥

হনিষ্যামি বলং হ্যেতদ্ভুবি ভারং সমাহিতম্ ।
মাগধেন সমানীতং বশ্যানাং সর্ব্বভূভুজাম্ ॥ ৭ ॥
অক্ষৌহিণীভিঃ সংখ্যাতং ভটাশ্বরথকুঞ্জরৈঃ ।
মাগধস্তু ন হন্তব্যো ভূয়ঃ কর্ত্তা বলোদ্যমম্ ॥ ৮ ॥

৭-৮। **অন্বয়** ঃ তদেবাভিব্যঞ্জয়তি—হি (যতঃ) বশ্যানাং (বশে স্থিতানাং) সর্বেষাভূভুজাং (সর্বেষাং রাজ্ঞাং) ভটাশ্বরথকুঞ্জরৈঃ) 'ভট' পদাতয়ঃ অশ্বাঃ রথাঃ তুরগাঃ 'কুঞ্জরাঃ' গজাঃ— তৈঃ অক্ষৌহিণীভিঃ সংখ্যাতং মগধেন (জরাসন্ধেন) সমানীতং (সমাহৃতানীতং) সমাহিতং (সম্যগর্পিতং) ভুবি ভারং এতৎ বলং (সৈন্যং) হনিষ্যামি, মাগধস্তু ন হন্তব্য [কুতঃ] ভূয়ঃ (পুনঃ) বলোদ্যম্ (সৈন্যার্থং প্রযত্নং কর্তা (করিষ্যতি)

৭-৮। **মূলানুবাদ** ঃ উপর্যুক্ত চিন্তাধারাটি স্পষ্ট করে বলা হচ্ছে—জরাসন্ধের অধীনস্থ রাজগণের হস্তী-অশ্ব-রথ-পদাতিকরূপ অক্ষৌহিণী সমূহের সমাবেশে পৃথিবীতে যে ভার উপস্থিত হয়েছে, আমি অদ্য ঐ ভারস্বরূপ সৈন্যমণ্ডলীকেই বিনষ্ট করব, পরন্তু জরাসন্ধের বিনাশ করব না, কারণ তা হলেই সে পুনরায় সৈন্য সমাবেশের জন্য যত্নপর হবে।

১-৪। **শ্রীবিশ্বনাথ টীকানুবাদ** ঃ শ্রীগুরুদেবকে প্রণাম। দশমের পূর্বার্ধ-ব্যাখ্যায় আমার বুদ্ধিবৃত্তিকে যেমন উৎভাসিত করেছিলে, তেমনি কর এই পরার্ধের ব্যাখ্যায়।

এই পঞ্চাশ অধ্যায়ে জরারাক্ষসীর গর্ভজাত জরাসন্ধকে অষ্টাদশ যুদ্ধে জয় করেও সর্বশক্তিমান্ ভগবান্ কৃষ্ণ হয়েও স্বজনদের দ্বারকায় নিয়ে গেলেন জরাসন্ধের ভয়ে ॥ বি॰ ১-৪ ॥

৫-৬। **শ্রীজীব বৈ॰ তো॰ টীকা** ঃ নিরীক্ষ্যেতি যুগ্মকম্। কারণং সর্ব্বকারণং যত্তত্ত্বং, তদ্রূপ এব মানুষস্তদাকারঃ, ন তু প্রাকৃতরূপ ইতি তল্লীলত্বেঽপি সর্ব্বজ্ঞানাদিশক্তিমত্ত্বং তস্য দেশস্য কালস্য চানুরূপং মহাসৈন্যেন সর্ব্বতঃ শ্রীমধুপুর্য্যা নিরোধাদবশ্যমত্রৈব তদ্ধত্বং যোগ্যং, তত্রাপ্যধুনা বিলম্বং বিনৈবেত্যর্থঃ ॥ জী॰ ৫-৬ ॥

৫-৬। **শ্রীজীব বৈ॰ তো॰ টীকানুবাদ** ঃ 'নিরীক্ষ্যেতি' দুটি শ্লোক একসঙ্গে ব্যাখ্যা। **হরিঃকারণ মানুষ**—'কারণং' সর্বকারণ যে তত্ত্ব, তদ্রূপেই 'মানুষ' মানুষাকার, প্রাকৃত রূপ নয়। নরলীল হলেও সর্বজ্ঞানশক্তিমান শ্রীহরি চিন্তা করতে লাগলেন **তদ্দেশকালানুগুণং স্বাবতার প্রয়োজনম্**—সেই দেশের ও কালের 'অনুগুণং' অনুরূপভাবে স্বাবতার প্রয়োজন চিন্তা করতে

লাগলেন—কিরূপ চিন্তা? তাই বলা হচ্ছে—মহাসৈন্যের দ্বারা সর্বতোভাবে শ্রীমধুপুরী অবরোধ করা হেতু অবশ্যই এই জরাসন্ধকে হত্যা করাই উচিত, এর মধ্যেও আবার 'অধুনা' (শ্রীসনাতন) অবিলম্বে ॥ জী০ ৫-৬ ॥

৫-৬। শ্রীবিশ্বনাথ টীকা ঃ উদ্বেলং বেলাতস্তীরাদপ্যুদ্গতং লঙ্ঘিতমর্য্যাদমিত্যর্থঃ। নন্থ কিমনেন চিন্তয়ামাস তত্র নহি নহিত্যাহ,—কারণং সর্ব্বকারণস্বরূপো মহামহেশ্বরশ্চাসৌ মানুষশ্চেতি। তচ্চিন্তনমাহ,—চতুর্ভিঃ ॥ বি০ ৫-৬ ॥

৫-৬। শ্রীবিশ্বনাথ টীকানুবাদ ঃ উদ্বেলং—'বেলাতঃ' তীর থেকেও উদ্গত অর্থাৎ উপরে উঠে আসা সাগর অর্থাৎ লঙ্ঘিত-মর্যাদ সাগরতুল্য জরাসন্ধের সৈন্য দেখে পূর্বপক্ষ, আচ্ছা এর জন্য কি কৃষ্ণ চিন্তিত হয়ে পড়লেন, এরই উত্তরে না না, একেবারেই না, যে হেতু এই কৃষ্ণ কারণমানুষ—সর্বকারণস্বরূপ মহামহেশ্বরই মানুষদেহে আবির্ভূত। তবে কি 'চিন্তয়ামাস' চিন্তা করতে লাগলেন? এরই উত্তরে, ৭-৯ তিনটি শ্লোকে সেই চিন্তাধারা বলা হচ্ছে ॥ বি০ ৫-৬ ॥

৭-৮। শ্রীজীব বৈ০ তো০ টীকা ঃ তদেবাভিব্যঞ্জয়তি—হনিষ্যামীতি সার্দ্ধকেন। বলং সৈন্যং, হি যতঃ সম্যক্ আহিতমর্পিতং ভারস্বরূপং, সম্যক্ সর্ব্বতঃ সমাহৃত্য প্রোৎসাহ্য চানীতং বশ্যানাং বশে স্থিতানাম্, অতএব পাণ্ডবাঃ শ্রীভীষ্মশ্চ নায়াতা ইতি জ্ঞেয়ম্। ভটাদিভির্যা অক্ষৌহিণ্যঃ তাভিরেব, ন তু তাসাং প্রত্যেকং সংখ্যায়া সংখ্যাতমিত্যন্তং বাহুল্যমুক্তম্। মাগধদ্বিত্যর্দ্ধকম্ ॥ ॥ জী০ ৭-৮ ॥

৭-৮। শ্রীজীব বৈ০ তো০ টীকানুবাদ ঃ উপর্যুক্ত চিন্তাধারাটিই স্পষ্ট করে বলা হচ্ছে, —হনিষ্যামীতি 'বধ করব' ইতি ১ই শ্লোকে— বলং—সৈন্য। হি—যেহেতু এই পৃথিবীর উপর সমাহিতং—সর্বপ্রকারে ন্যস্ত ভার। সমানীতং—সর্বতোভাবে যোগাড় করে ও উৎসাহ দিয়ে আনিত বশ্যানাং—বশে স্থিত সর্বভূভুজাম্—সকল রাজাদের—'বশে স্থিত' বাক্যটিতে বুঝা যাচ্ছে পাণ্ডবগণ ও ভীষ্ম এই সমাবেশে আসেন নি। পদাতিক সৈন্যই গণনায় এক অক্ষৌহিণী (১০৯৩৫০) পদাতিক অশ্বাদি সব একসঙ্গে গণনা করে নয়, তাই অত্যন্ত বাহুল্য বলা হল এই সমাবেশের।

পরবর্তী অর্ধ শ্লোকে বলা হল জরাসন্ধকে এখনই বধ করা ঠিক হবে না—কারণ সে পুনরায় সৈন্য সংগ্রহ করে নিয়ে আসার জন্য বিশেষভাবে যত্ন করবে ॥ জী০ ৭-৮ ॥

৭-৮। শ্রীবিশ্বনাথ টীকা ঃ বলং সৈন্যং তদর্থমুদ্যমং কর্ত্তা করিষ্যতি ॥ বি০ ৭-৮ ॥

৭-৮। শ্রীবিশ্বনাথ টীকানুবাদ ঃ বলং—সৈন্য। এই সৈন্য নিধনে উদ্যমং কর্ত্তা—উদ্যম করব ॥ বি০ ৭-৮ ॥

এতদর্থোঽবতারোঽয়ং ভুভারহরণায় মে।
সংরক্ষণায় সাধূনাং কৃতোঽন্যেষাং বধায় চ ॥ ৯ ॥
অন্যোঽপি ধর্ম্মরক্ষায়ৈ দেহঃ সংভ্রিয়তে ময়া।
বিরামায়াপ্যধর্ম্মস্য কালে প্রভবতঃ ক্বচিৎ ॥ ১০ ॥

৯। **অন্বয়** ঃ ভূভারহরণায় সাধূনাং সংরক্ষণায় অন্যেষাং (অসাধূনাং) বধায়চ এতদর্থং (এতে ত্রিবিধাঃ 'অর্থাঃ' প্রয়োজনানি যস্য সঃ) অয়ং (কৃষ্ণরূপঃ) অবতারঃ মে (ময়া) কৃতঃ।

১০। **অন্বয়** ঃ অন্যোঽপি দেহঃ [বরাহাদিরপি] ধর্মরক্ষায়ৈ ধর্মস্য পরিপালনায় কালে (কদাচিৎ) ক্বচিৎ প্রভবতঃ (প্রকর্ষেণ বর্ধমানস্য) অধর্মস্য বিরামায় অপি (নিবর্ত্তনার্থং চ) ময়া অন্যঃঅপি এতদতিরিক্তোঽপি দেহঃ সংভ্রিয়তে (অঙ্গীক্রিয়তে)।

৯। **মূলানুবাদ** ঃ ভূভার হরণ সাধুগণের সংরক্ষণ এবং অসাধূগণের বিনাশ—এই ত্রিবিধ প্রয়োজন মেটানোর জন্য আমি স্বয়ংই আবির্ভূত হই।

১০। **মূলানুবাদ** ঃ ধর্মরক্ষা এবং যদি কোন সময় অধর্ম প্রভাব বিস্তার করে তা'হলে সেই অধর্মের নিবৃত্তির জন্য এতদ্দেহ অতিরিক্ত বরাহাদি দেহও আমি প্রকাশ করে থাকি।

৯। **শ্রীজীব বৈ০ তো০ টীকা** ঃ এতদর্থ ইতি এতস্মা ইত্যর্থঃ কস্মৈ ? তত্রাহ—ভূভারহরণায়েত্যাদি ; অবতারঃ প্রপঞ্চে প্রাকট্যম্ ; অয়মিতি তৈঃ সম্মতঃ পাঠঃ, উত্তরাবতারিকানুরোধাৎ। হীতি ক্বচিৎ। মে ময়া ভূভারহরণং স্পষ্টয়তি—সংরক্ষণায়েতি, সং-শব্দেন স্বভক্তিপ্রবর্ত্তনাদিনা লোকদ্বয়েঽপি রক্ষা সূচিতা ॥ জী০ ৯ ॥

৯। **শ্রীজীব বৈ০ তো০ টীকানুবাদ** ঃ এতদর্থো—এর জন্য। কিসের জন্য ? এরই উত্তরে বলা হচ্ছে, ভুভার হরণের জন্য ইত্যাদি। **অয়ং অবতারঃ**—এই অবতার অর্থাৎ এই পৃথিবীতে প্রাকট্য অর্থাৎ প্রকাশ। 'অয়ম্' শব্দটি শ্রীধরের সম্মত পাঠ—পরবর্তী ভূমিকার অনুরোধ হেতু। 'হি' ইতি ক্বচিৎ পাঠ। মে—ময়া অর্থাৎ আমার দ্বারা ভুভার হরণার্থে। ইহাই স্পষ্ট করা হচ্ছে, **সংরক্ষণায় ইতি**—'সং' অর্থাৎ 'সম্যক্ রক্ষা' শব্দে স্বভক্তি প্রবর্তনাদিদ্বারা ইহলোকে ও পরলোকে রক্ষাও সূচিত হল ॥ জী০ ৯ ॥

৯। **শ্রীবিশ্বনাথ টীকা** ঃ এতদর্থোঽবতারঃ কৃতঃ অর্থং বিবৃণোতি,—ভূভারেতি। অন্যেষাম—সাধূনাম্ ॥ বি০ ৯ ॥

৯। **শ্রীবিশ্বনাথ টীকানুবাদ** ঃ এই প্রয়োজনে আবির্ভূত হলেন। সেই প্রয়োজন কি—

এবং ধ্যায়তি গোবিন্দ আকাশাৎ সূর্য্যবর্চ্চসৌ।
রথাবুপস্থিতৌ সদ্যঃ সসূতৌ সপরিচ্ছদৌ ॥ ১১ ॥

আয়ুধানি চ দিব্যানি পুরাণানি যদৃচ্ছয়া।
দৃষ্ট্বা তানি হৃষিকেশঃ সঙ্কর্ষণমথাব্রবীৎ ॥ ১২ ॥

১১। অন্বয় : গোবিন্দে এবং ধ্যায়তি সদ্যঃ আকাশাৎ সূর্যবর্চ্চসৌ (সূর্যবৎ তেজস্বিনৌ) স সূতৌ (সারথিযুক্তৌ) সপরিচ্ছদৌ (ধ্বজকবজাদি সহিতৌ) রথৌ উপস্থিতৌ।

১২। অন্বয় : যদৃচ্ছয়া (আনয়ানাদি প্রযত্নং বিনৈবোপস্থিতানি) দিব্যানি পুরাণানি (সনাতনানি) আয়ুধানি চ [উপস্থিতানিবভূবুঃ] হৃষিকেশঃ তানি দৃষ্ট্বা অথ সঙ্কর্ষণং অব্রবীৎ (উবাচ)।

১১। মূলানুবাদ : শ্রীগোবিন্দ এরূপ চিন্তা করতে থাকলে তৎক্ষণে বৈকুণ্ঠ থেকে সারথি ও পতাকা-করজাদি সহিত দুইখানি সূর্যতুল্য তেজস্বী রথ নিকটে এসে দাঁড়াল।

১২। মূলানুবাদ : তৎপর আনয়ানাদি প্রযত্ন বিনাই নিকটে আগত সেইসব দিব্য সনাতন অস্ত্র-শস্ত্র দেখিয়া ভগবান্ শ্রীকৃষ্ণ বলদেবকে বলতে লাগলেন।

তাই বিবৃত করা হচ্ছে, ভুভার ইতি—ভূভার হরণের জন্য ইত্যাদি। অন্যোন্যাং—অসাধুদের বধের জন্য ॥ বি০ ৯ ॥

১০। শ্রীজীব বৈ০ তো০ টীকা : অন্যোঽপি, বিমুত সর্বৈশ্বর্য্যাদি-পূর্ণোঽয়মিত্যর্থঃ। সংভ্রিয়তে প্রকাশ্যতে ইত্যর্থঃ ; তথা চ শ্রীগীতাসু (৪/৭)— 'যদা যদা হি ধর্মস্য গ্লানির্ভবতি' ইত্যাদি ॥ জী০ ১০ ॥

১০। শ্রীজীব বৈ০ তো০ টীকানুবাদ : অন্যোঽপি—বরাহাদি অন্য দেহও ধারণ করি—সবৈশ্বর্যাদিপূর্ণ এই দেহের কথা আর বলবার কি আছে ? সংভ্রিয়তে—প্রকাশ করে থাকি, গীতাতেও তাই আছে (৪/৭) যথা "যদা যদাহি ধর্মস্যগ্লানি" ইত্যাদি ॥ ॥ জী০ ১০ ॥

১০। শ্রীবিশ্বনাথ টীকা : অন্যোঽপি দেহো বারাহাদিঃ ॥ বি০ ১০ ॥

১০। শ্রীবিশ্বনাথ টীকানুবাদ : অন্যোঽপি দেহঃ—বরাহাদি অন্য দেহ ॥ বি০ ১০ ॥

১১-১২। শ্রীজীব বৈ০ তো০ টীকা : এবমিতি সার্দ্ধকম্। গাং পৃথ্বীং বিন্দতীতি গোবিন্দঃ, ইতি ভূভারহরণার্থং ভুবি সাক্ষাদবতীর্ণো ভগবানিত্যর্থঃ, তস্মিন্। আকাশাদূর্দ্ধলোকাৎ তদীয়-মহা-

বৈকুণ্ঠাদিত্যর্থঃ। দিব্যানি লোকাতীতানি, যতঃ পুরাণানি, পুরাপি নবানি নিত্যানীত্যর্থঃ। যদৃচ্ছয়া স্বৈরিতয়া আনয়নাদি-প্রযত্নং বিনৈবোপস্থিতানীতি- তেষাং ভগবদভিপ্রায়জ্ঞত্বেন চেতনতাভিপ্রেতা। যদ্যপি 'হলং সম্বর্ত্তকং নাম সৌনন্দং মুষলস্তথা। ধনুষাং প্রবরং শার্ঙ্গং গদাং কৌমোদকীং তথা॥' ইতি শ্রীহরিবংশে, তথা শ্রীবিষ্ণুপুরাণে চত্বার্য্যেবায়ুধান্যুক্তানি, তথাপ্যত্র শ্রীভগবতশ্চক্রং, শ্রীবলদেবস্য ধনুরাদিকমপি জ্ঞেয়ং, যোগ্যত্বাৎ অন্যত আগমনাশ্রবণাচ্চ; অতএবাগ্রে 'এষ তে রথ আয়াতো দয়িতান্যায়ুধানি চ' (শ্রীভা ১০/৫০/১৩) ইতি বহুত্বম্। দৃষ্টেত্যর্দ্ধকম্। হৃষীকেশঃ বিনৈব বচনেন সর্ব্বং প্রবর্ত্তয়িতুং সমর্থোঽপি সঙ্কর্ষণং দৃষ্টিমাত্রেণ সর্ব্বং নাশয়িতুং সমর্থমপি, অথ কাৎস্ন্যেণাব্রবীৎ, লীলাকৌতুকাবেশেন যুক্তিপূর্ব্বকমেব বভাষ ইত্যর্থঃ॥ জী০ ১১-১২॥

১১-১২। **শ্রীজীব বৈ০ তো০ টীকানুবাদ**ঃ এবং ইতি দেড় শ্লোক একসঙ্গে ব্যাখ্যা। গোবিন্দ—'গাং' পৃথিবী 'বিন্দতি' পালন করেন, তাই ভূভার দূর করার জন্য পৃথিবীতে সাক্ষাৎ অবতীর্ণ ভগবান্ সেই তাঁর কাছে রথ এসে উপস্থিত হল। আকাশাৎ—ঊর্দ্ধলোক অর্থাৎ তাঁর মহাবৈকুণ্ঠ থেকে। দিব্যানি—অস্ত্রশস্ত্রও লোকাতীতা যেহেতু পুরাণানি—পুরাতন হলেও নিত্য, নবনবায়মান। যদৃচ্ছয়া—নিজ ইচ্ছা মাত্রে আনয়নাদি হল—প্রযত্ন বিনাই উপস্থিত। এইসব অস্ত্র-শস্ত্রের ভগবদভিপ্রায় জ্ঞান থাকা হেতু তাদের চেতনতা অভিপ্রেত। যদিও শ্রীহরিবংশে এই কয়টি আয়ুধের নাম মাত্র উল্লিখিত আছে, যথা—সম্বর্তক নামক হল, সৌনন্দনামক মুষল, প্রবর নামক ধনুক ও কৌমোদকী নামক গদা—তথা শ্রীবিষ্ণুপুরাণেও এই চারটি আয়ুধের নামই বলা হয়েছে—তথাপি এখানে শ্রীমদ্ভাগবতে শ্রীকৃষ্ণের চক্র ও শ্রীবলদেবের ধনুকাদি আছে, এরূপ বুঝতে হবে, ইহা যোগ্য হওয়া হেতু ও অন্য কোথাও থেকে আগমন অশ্রবণ হেতু। অতএব পরের ১৩ শ্লোকে শ্রীকৃষ্ণ বলদেবকে বললেন, 'হে আর্য!' এই আপনার রথ এবং প্রিয় আয়ুধ সকল উপস্থিত হয়েছে। এইরূপে দেখা যাচ্ছে আয়ুধের বাহুল্য।

'দৃষ্ট্বা' ইতি অর্ধ শ্লোক-ব্যাখ্যা—হৃষীকেশঃ—ব্রহ্মাদি সকলের ইন্দ্রিয় সমূহের নিয়ামক হওয়া হেতু—মুখে বলা ছাড়াও সকলকে কাজে প্রবর্তিত করতে সমর্থ হয়েও যে সঙ্কর্ষণের দিকে দৃষ্টিমাত্রে তাকে দিয়ে নাশ করাতে সমর্থ হয়েও [সঙ্কর্ষণম্ + অথ + অব্রবীৎ] সঙ্কর্ষণকে অতঃপর লীলাকৌতুকবশে যুক্তিপূর্বকই বললেন॥ জী০ ১১-১২॥

১১-১২। **শ্রীবিশ্বনাথ টীকা**ঃ উপস্থিতৌ তদিচ্ছয়ৈব বৈকুণ্ঠাদাগত্য নিকটে স্থিতৌ। ॥ বি০ ১১-১২॥

১১-১২। **শ্রীবিশ্বনাথ টীকানুবাদ**ঃ উপস্থিতৌ—কৃষ্ণের ইচ্ছাতেই বৈকুণ্ঠ থেকে রথ-যুগল নেমে এসে নিকটে দাঁড়াল॥ বি০ ১১-১২॥

পশ্যার্য ব্যসনং প্রাপ্তং যদূনাং ত্বাবতাং প্রভো।
এষ তে রথ আয়াতো দয়িতান্যায়ুধানি চ ॥ ১৩ ॥
যানমাস্থায় জহ্যেতদ্ব্যসনাৎ স্বান্ সমুদ্ধর।
এতদর্থং হি নৌ জন্ম সাধূনামীশ শর্ম্মকৃৎ।
ত্রয়োবিংশত্যনীকাখ্যং ভূমের্ভারমপাকুরু ॥ ১৪ ॥

১৩। **অন্বয়** ঃ হে আর্য ! ত্বাবতাং (ত্বমেব অবন্ রক্ষকো নাথো বিদ্যসে যেষাং তে ত্বাবন্তঃ তেষাং ত্বয়া রক্ষিতানাম্ ইত্যর্থঃ) হে প্রভো ! যদূনাং প্রাপ্তং (জরাসন্ধনিমিত্তং সমুপস্থিতং) [এতৎ] ব্যসনং (বিপদং) পশ্য।

১৪। **অন্বয়** ঃ [অতঃ] যানং (রথম্) আস্থায় (আরুহ্য) এতৎ (রিপুসৈন্যং) জহি (বিনাশয়) স্বান্ (স্বকীয়ান্ যাদবজনান্) ব্যসনাৎ (প্রাপ্ত বিপদাৎ) সমুদ্ধর 'ঈশ' (প্রভো !) এতদর্থ (দুর্জনবিনাশার্থ) হি (যস্মাৎ) সাধূনাং শর্মকৃৎ (মঙ্গলজনকং) নৌ (আবয়োঃ জন্ম) [অতঃ] ত্রয়োবিংশত্যনীকাখ্যং (ত্রয়োবিংশত্যক্ষৌহিণীরূপং) ভূমেঃ ভারং অপাকুরু (অপনয়) ।

১৩। **মূলানুবাদ** ঃ হে আর্য ! অবধান করুন, আপনি যাদের রক্ষক সেই যদুদের বিপদ উপস্থিত। হে প্রভো ! এই সম্মুখে আপনার রথ ও প্রিয় অস্ত্র-শস্ত্র উপস্থিত।

১৪। **মূলানুবাদ** ঃ অতএব এই রথে আরোহণপূর্বক উপস্থিত শত্রু সৈন্য বিনাশ করুন। অনন্য সাধুদের হিতকারক যাদবগণকে বিপদ থেকে অক্ষত অবস্থায় উদ্ধার করুন। ত্রয়োবিংশতি অক্ষৌহিণীরূপ ভূভার হরণ করুন। হে প্রভো ! এজন্যই তো আমাদের জন্ম।

১৩। **শ্রীজীব বৈ৽ তো৽ টীকা** ঃ পশ্য অবদেহি। তৎ কিম্ ? তত্রাহ—ব্যসনমিতি ত্বাবতামিত্যত্রাত্বমার্ষম্। কিঞ্চ, এষ ইতি আর্য্যেতি সাদরসম্বোধনং স্বভাবাৎ, প্রভো ইতি বক্ষ্যমাণ-নির্ণয়সামর্থবোধনায় ; দয়িতানীতি স্বতঃসামর্থ্যেঽপ্যঙ্গীকারাবশ্যকং সূচয়তি ॥ জী৽ ১৩ ॥

১৩। **শ্রীজীব বৈ৽ তো৽ টীকানুবাদ** ঃ পশ্য—অবধানপূর্বক শুনেন। কি শুনব ? এরই উত্তরে **ব্যসনম**—বিপদের কথা ত্বাবতাম্—(আর্ষপ্রয়োগ) আপনি যাদের নাথ সেই যদুদের। আরও 'এষইতি',—'আর্য্য ইতি' সাদর সম্বোধন, কৃষ্ণের এরূপই স্বভাব হওয়া হেতু। প্রভো !—সমর্থ,—যা বলা হবে, তা নির্ণয় করার সামর্থ্য বলদেবের আছে, ইহা জানানোর জন্য 'প্রভু' সম্বোধন। 'দয়িতানি'—প্রিয়তম (আয়ুধসকল)—এরদ্বারা এইসব আয়ুধের স্বতঃ সামর্থও অঙ্গিকার সূচিত হল ॥ জী৽ ১৩ ॥

১৪। **শ্রীজীব বৈ৽ তো৽ টীকা** ঃ নির্ণয়মাহ—যানমিতি। এতৎ সৈন্যং জহি ; তন্মুখ্য-

এবং সম্মন্ত্র্য দাশার্হৌ দংশিতৌ রথিনৌ পুরাৎ।
নির্জ্জগ্মতুঃ স্বায়ুধাঢ্যৌ বলেনাল্পীয়সা বৃতৌ ॥ ১৫ ॥

শঙ্খং দধ্মৌ বিনির্গত্য হরির্দারুকসারথিঃ।
ততোঽভূৎ পরসৈন্যানাং হৃদি বিত্রাসবেপথুঃ ॥ ১৬ ॥

১৫-১৬। **অন্বয়** ঃ এবং (পূর্বোক্তরূপ) সম্মন্ত্র (বিচার্য) দংশিতৌ (বদ্ধ কবচৌ) স্বায়ুধাঢ্যৌ ('স্বৈ' নিজ নিজ আয়ুধৈঃ অঢ্যৌ সম্পন্নৌ) অল্পীয়সা বলেন (সৈন্যেন) বৃতৌ রথিনৌ দাশার্হৌ পুরাৎ নির্জ্জগতুঃ। দারুক সারথিঃ (দারুকঃ সারথিঃ যস্য স) হরিঃ বিনির্গত্য শঙ্খংদধ্মৌ (বাদয়ামাস) ততঃ পরসৈন্যাং (শত্রু সৈন্যানাম্) হৃদি বিত্রাসবেপথুঃ (মহাভয়েন কম্পঃ অভূৎ)।

১৫-১৬। **মূলানুবাদ** ঃ এইরূপ মন্ত্রণা করত নিজ নিজ অস্ত্রের সুসজ্জায় সম্পত্তিমান রাম-কৃষ্ণ রথে আরোহণপূর্বক অল্পসংখ্যক সৈন্যে পরিবৃত হয়ে পুরমধ্য থেকে বহির্গত হলেন।

দারুক-সারথির সঙ্গে হরি বাইরে বেরিয়ে এসে শঙ্খধ্বনি করলেন পরপক্ষজনদের বীর্যাদি হরণ অভিপ্রায়ে। এতে ওদের হৃদয়ে মহাভয়ে কম্প উপস্থিত হল।

প্রয়োজনমাদিশতি— বাসনাদিতি। স্বান্ সকলসাধুজনালম্বনরূপান্ পরিকরান্ সম্যগক্ষতত্বাদিনোদ্ধর। এতচ্চাবশ্যকার্য্যমিত্যাশয়েনাহ—এতদিতি। হি যস্মাৎ, যত এবান্যেষ ঞ সাধূনাং শর্ম্মকৃত্ত্ববেদিত্যর্থঃ, হে ঈশেতি প্রোৎসাহনম্ ॥ জী০ ১৪ ॥

১৪। **শ্রীজীব বৈ০ তো০ টীকানুবাদ** ঃ এইবার নিজের সিদ্ধান্ত বলেছেন, যানম্ ইতি শ্লোকটিতে। **এতদ্**—এই সৈন্যসমূহ 'জহি' বধ করুন। এর মুখ্য প্রয়োজন আদেশ করছেন, **'ব্যসনাৎ ইতি'**— সকল সাধুজনের আশ্রয়রূপ পরিকরদের সমুদ্ধর অক্ষত অবস্থায় উদ্ধার করুন। আরও ইহা অবশ্য করণীয়, এই আশয়ে বলা হচ্ছে, 'এতদ্ ইতি'। **হি**—কারণ এ হেতুই আমাদের জন্ম। আরও কারণ এই পরিকরেরাই অন্যান্য সাধুদের মঙ্গলকারক হয়ে থাকে। 'হে ঈশ' বলদেবকে এই সম্বোধন তাকে উৎসাহিত করে তুলবার জন্য ॥ জী০ ১৪ ॥

১৫-১৬। **শ্রীজীব বৈ০ তো০ টীকা** ঃ আবশ্যকতার্থমেব সৈন্যস্য চ বৈশিষ্ট্যমাহ - অর্দ্ধকেন। ত্রয়োবিংশতিরনীকানি অক্ষৌহিণ্যঃ, তদাখ্যং তাবৎসংখ্যমিত্যর্থঃ; যদ্বা, ত্রয়োবিংশতিঃ অক্ষৌহিণ্যঃ, তৎসংখ্যকমনীকং সৈন্যমিত্যাখ্যা যস্য তং ভাবরূপম্। দাশার্হাবিতি মনুষ্যলীলাপরত্বমভিপ্রেত্য, অতএব দংশিতৌ। অল্পীয়সেতি জরাসন্ধ বলাদযত্নবলস্যাল্পতাভিপ্রায়েণ, তত্রাপি হরিবংশোক্ত-বিকদ্রু-দুর্ম্মন্ত্রণয়া সর্ব্বেষামাগমনেন চ, অতএবাবৃতৌ আবরণতয়া চতুর্দ্দিক্ষু বেষ্টিতৌ স্বৈর্নিজনিজায়ুধৈরাঢ্যৌ

তাবাহ মাগধো বীক্ষ্য হে কৃষ্ণ পুরুষাধম।
ন ত্বয়া যোদ্ধুমিচ্ছামি বালেনৈকেন লজ্জয়া।
গুপ্তেন হি ত্বয়া মন্দ ন যোৎস্যে যাহি বন্ধুহন্ ॥ ১৭ ॥
তব রাম যদি শ্রদ্ধা যুধ্যস্ব ধৈর্য্যমুদ্বহ।
হিত্বা বা মচ্ছরৈশ্ছিন্নং দেহং স্বর্যাহি মাং জহি ॥ ১৮ ॥

১৭-১৮। অন্বয় ঃ মাগধঃ (মগধরাজ জরাসন্ধঃ) তৌ (রাম-কৃষ্ণৌ বীক্ষ্য) অহ হে পুরুষাধম (পুরুষেষু 'অধম'! হীন, বাস্তবো অর্থঃ - পুরুষাঃ অধমাঃ যস্মাৎ তাদৃশ হে পুরুষোত্তম, ইত্যর্থঃ) কৃষ্ণ, [অহং] বালেন একেন ত্বয়া [সহ] লজ্জয়া যোদ্ধুম্ ন ইচ্ছামি। [হে] বন্ধুহন্ (বস্তুতঃ অর্থঃ—বধ্নাতি ইতি বন্ধুঃ অবিদ্যা, তাং হন্তীতি তাদৃশ,- হে অবিদ্যা নিরসন) মন্দ (দুর্জন, বাস্তবার্থ—অকার বিশ্লেষাৎ অমন্দ,—হে উত্তম) গুপ্তেন (প্রাণভয়াৎ লুক্কায়িতেন, বাস্তবার্থ সর্বান্তরত্বাৎ দর্শনাযোগ্যেন) ত্বয়া হি ন যোৎস্যে [অতঃ] যাহি।

হে রাম, যদি তব শ্রদ্ধা (যুদ্ধেচ্ছা) [তদা] যুদ্ধস্ব, ধৈর্য উদ্বহ (অবলম্বস্ব, মচ্ছরৈঃ ছিন্নং দেহং হিত্বা স্বঃ (স্বর্গং) যাহি বা মাং জহি (বিনাশয়)।

১৭-১৮। মূলানুবাদ ঃ মগধরাজ জরাসন্ধ রামকৃষ্ণকে দেখে বলল—হে পুরুষাধমঃ (বাস্তব অর্থ হে পুরুষোত্তম) কৃষ্ণ! তুমি বালক, নিঃসঙ্গ তোমার সহিত লজ্জায় যুদ্ধ করতে ইচ্ছা করি না। হে বন্ধু ঘাতিন্! (বাস্তব অর্থ-হে অবিদ্য নিরসন!), দুর্জন! (বাস্তব অর্থ—হে উত্তম!), প্রাণভয়ে লুকানো স্বভাব (বাস্তব অর্থ—সর্বান্তরে স্থিতি হেতু দর্শন-অযোগ্য) তোমার সহিত যুদ্ধ করব না, অতএব সরে পড়।

হে রাম! যদি তোমার যুদ্ধেচ্ছা থাকে, তাহলে ধৈর্য অবলম্বন কর। আমার শরে ছিন্নদেহ ত্যাগ করত স্বর্গে গমন কর, অথবা আমাকে হত্যা কর।

যুদ্ধে সম্পন্নৌ, তত্তদায়ুধদর্শনাদৈব পরসৈন্যং ক্ষোভয়ন্তাবিত্যর্থঃ বিশেষেণ সর্ব্বতো বৈলক্ষণ্যেন নির্গতা, যতো দারুকসারথিঃ, তৎসারথিত্বোপলক্ষণয়া দিব্যাতিদিব্য-তদ্ দ্রব্যাদিসম্পত্তিমান্। হরিরিতি—শঙ্খ-ধ্বনিনৈব পরেষাং বীর্য্যাদিহরণাভিপ্রায়েণ, অতএব বিশিষ্টত্রাসেন বেপথুঃ ॥ জী০ ১৫-১৬ ॥

১৫-১৬। শ্রীজীব বৈ০ তো০ টীকানুবাদ ঃ আবশ্যকতা প্রয়োজনেই সৈন্যবধের বৈশিষ্ট্য বলা হচ্ছে অর্ধেক শ্লোকে—ত্রয়োবিংশতি অনীকাখ্যং—২৩ অনীকাখ্য সেনা [অনীকিনী সেনা—পদাতিক—১০৯৩৫, অশ্ব—৬৫৬১, হস্তী—২১৮৭, রথ—২১৮৭, সমুদয়ে—২১৮৭০ সংখ্যক সেনা] অথবা, ত্রয়োবিংশতি অক্ষৌহিণী তৎসংখ্যক 'অনীকং' সৈন্যং, এরূপে 'ত্রয়োবিংশতি অনীক' আখ্যা যার সেই পৃথিবীর ভারস্বরূপকে অপসারিত করুন।

দাশার্হৌ—রামকৃষ্ণ [যদুবংশীয় ক্রথের পঞ্চম অধস্তন দশার্হের বংশ] এই শব্দ ব্যবহারের অভিপ্রায় হল, এদের মনুষ্যলীলাপরত্ব বলা, অতএব দংশিতৌ কবচ পরিহিত [কবচ—অভেদ্য গাত্র আবরণ] বলেন অল্পীয়সাবৃতৌ অতি অল্প সেনা পরিবৃত হয়ে বের হলেন।—জরাসন্ধের সৈন্যের থেকে যদুদের সৈন্য অতি অল্প বলাই, এখানে অভিপ্রায়। এর মধ্যেও আবার হরিবংশোক্তি অনুসারে বিকদ্রু-দুর্মন্ত্রণায় সকল সৈন্য আগমনে জরাসন্ধের বাহিনী অতি বৃহৎ—অতএব আবৃতৌ—এর আবরণের দ্বারা চতুর্দিকে বেষ্টিত হলেন স্বায়ুধাঢ্যৌ—নিজ নিজ অস্ত্রে সুসজ্জিত ও যুদ্ধে সম্পন্ন রামকৃষ্ণ।—সেই সেই অস্ত্র দেখিয়েই পরসৈন্যের মনে ক্ষোভসঞ্চারকারী তাঁরা বিনির্গত্য—বাইরে গিয়েই —'বি' বিশেষভাবে অর্থাৎ সম্পূর্ণ অসামান্য অর্থাৎ অলৌকিক সাজ সজ্জায় বাইরে বেরিয়ে এলেন, যে জন্য বৈকুণ্ঠ সারথি দারুকের সারথিত্ব উপলক্ষনে বলা হল—এরদ্বারা অন্যান্য দিব্যাতিদিব্য বৈকুণ্ঠের দ্রব্যাদিকে বুঝানো হল।—এ সবের দ্বারা সম্পত্তিমান্ হরি—এখানে 'হরি' শব্দটি ব্যবহার করা হল, এই শঙ্খধ্বনি দ্বারা পরপক্ষ জনদের বীর্যাদি হরণ অভিপ্রায়ে। অতএব তারা বিশিষ্ট ত্রাসে 'বেপথুঃ' কাঁপতে লাগল ॥ জী° ১৫-১৬ ॥

১৩-১৬। শ্রীবিশ্বনাথ টীকা ঃ ত্বং নাথো বিদ্যসে যেষাং তে তাবন্তস্তেষাং দকারস্ত্বাত্বমার্যম্। ॥ বি° ১৩-১৬ ॥

১৩-১৬। শ্রীবিশ্বনাথ টীকানুবাদ ঃ তাবত্তাং—তুমি নাথ উপস্থিত যাদের তারা সনাথ, সেই তাদের অর্থাৎ যদুদের (বিপদ উপস্থিত) ॥ বি° ১৩-১৬ ॥

১৭। শ্রীজীব বৈ° তো° টীকা ঃ শ্রীকৃষ্ণ সাক্ষাৎকালরূপং মত্বা তেন সহ যুদ্ধং পরিহর্ত্তুমাহ—তাবিতি সার্দ্ধেন। বালেনৈকেনেতি বালকেনৈবেতি চ বা পাঠঃ। ননু যুদ্ধে শক্তিরেবাপেক্ষ্যতে, ন তু বয়ঃ, ইত্যাহ—গুপ্তেনেত্যর্দ্ধকেন, কংসভয়েন গোকুলে নিবাসাৎ। ননু বৈরিবঞ্চনার্থং কালে গুপ্তিরেব যোগ্যা, ইত্যত আহ—মন্দ হে অভদ্রেতি। কুতঃ? হে বন্ধুহন্, অতো যাহি, ধর্ম্মযুদ্ধাদিতোঽপসর। তত্ত্বার্থ স্বৈর্ব্যাখ্যাতঃ। যদ্বা, যাহি, স্বগৃহং যাহি, যুদ্ধশ্রমেণ তে প্রয়োজনাভাবাদিতি ভাবঃ।

তবেতি শক্তেতি বা পাঠঃ; স্বার্থে চ-শব্দঃ, শ্রদ্ধা যুদ্ধেচ্ছা। যদীতি মন্ত্রয়ানুভবিতৈব যদি কথঞ্চিৎ স্যাদিত্যর্থঃ। স্থৈর্য্যমুচ্চৈর্বহুবলাদাত্মানং প্রাপয়, ন জাতুদ্বিগ্নো ভব, ন চ পলায়স্বেত্যর্থঃ। ধৈর্য্যমিতি ক্বচিৎ পাঠঃ ॥ জী° ১৭-১৮ ॥

১৭-১৮। শ্রীজীব বৈ° তো° টীকানুবাদ ঃ শ্রীকৃষ্ণকে সাক্ষাৎ কালরূপ মনে করত তাঁর সহিত যুদ্ধ পরিহার করার জন্য জরাসন্ধ বলল 'তৌ' ইতি দেড় শ্লোকে। পাঠ দুপ্রকার 'বালেনৈকেনেতি' অর্থাৎ এক যুদ্ধ-অনভিজ্ঞের সহিত; এবং 'বালকেনেবেতি' শিশুর সহিত। যদি বলা হয়, যুদ্ধে শক্তিরই অপেক্ষা, বয়সের নয়। এরূপ পূর্বপক্ষের উত্তরে বলল, 'গুপ্তেন' ইতি অর্ধশ্লোক—কংস ভয়ে গোকুলে

নিবাস হেতু তোমার সহিত যুদ্ধ করব না। শত্রুকে বঞ্চনার জন্য সময়ে লুকিয়ে থাকাই যোগ্য, এর উত্তরে বলল মন্দ - হে অভদ্র। কি করে? এরই উত্তরে বন্ধুহন্‌ - মাতুল রূপে বন্ধু হননকারী, ওহে যাহি—ধর্মযুদ্ধাদি থেকে পালাও। এখানে তত্ত্বার্থ—শ্রীস্বামিপাদ ১৭ শ্লোকের 'পুরুষাধম' শব্দের ব্যাখ্যায় প্রকাশ করেছেন—'মনুষ্য যার কাছে তুচ্ছ'—এইরূপে বাস্তব অর্থ আসছে পুরুষোত্তম। অথবা যাহি—নিজ গৃহে যাও, কারণ তোমার পক্ষে যুদ্ধশ্রমের প্রয়োজন নেই, এরূপ ভাব।

এতে অর্থ আসবে,—তোমার যদি শ্রদ্ধা হয়। পাঠ দু-প্রকার 'তব' বা 'ত্বঞ্চ' (ত্বম্‌ + চ) এখানে 'তু' অর্থে চ শব্দ, 'তু' শব্দের অর্থ এখানে 'যা হোক'। এতে অর্থ আসবে 'যা হোক যদি শ্রদ্ধা হয় হে রাম তুমি যুদ্ধ কর'। শ্রদ্ধা—যুদ্ধেচ্ছা। 'যদি' এই শব্দটির ধ্বনি—আমার ভয় যুদ্ধেচ্ছা না হবারই কথা, তবে যদি কোনও প্রকারে যুদ্ধেচ্ছা হয়। ধৈর্য্যমুদ্বহ—যুদ্ধে ধৈর্যধারণ কর, উদ্বিগ্ন হয়ো না, পালিয়োও না। কোথাও পাঠ 'স্থৈর্য'ও আছে ॥ জী০ ১৭-১৮ ॥

১৭। **শ্রীবিশ্বনাথ টীকা :** পুরুষা অধমা যস্মাৎ। হে পুরুষোত্তমেতি ভবত্যভিমতোঽর্থঃ॥ বালে বাল এব কো ব্রহ্মা যস্য তেন মহামহেশ্বরেণ লজ্জয়েতি মম দুর্জীবত্বেনাযোগ্যত্বাদিতি ভাবঃ। গুপ্তেনেতি কংসস্য ভয়াদ্‌গোকুলং প্রতি গতস্য এব বৈশ্যপালিতত্বেন বৈশ্যসাধর্ম্ম্যপ্রাপ্তেঃ। পক্ষে সর্বান্তরত্বাদ্দর্শনানর্হেণ। হে অমন্দ, বন্ধুহন্‌, হে মাতুলহন্তঃ, পক্ষে বধ্নাতীতি বন্ধুরবিদ্যা তাং হন্তীতি তথা।

অচ্ছেদ্যদেহোঽসাবিতি। স্বয়মেব মত্বা পরিতোষাৎ। পক্ষান্তরমাহ,—যদ্বা মাং জহীতি, শ্রীস্বামিচরণাঃ। যদ্বা, মৎ মত্তঃ পাপাত্মনঃ সকাশাৎ স্ববৈকুণ্ঠনং যাহি কিং কৃত্বা শরৈশ্ছিন্নং অর্থান্মমদেহং হিত্বা ত্যক্ত্বা অত্রৈব প্রক্ষিপ্যেত্যর্থঃ ॥ বি০ ১৭-১৮ ॥

১৭-১৮। **শ্রীবিশ্বনাথ টীকানুবাদ :** জরাসন্ধ কৃষ্ণকে পুরুষাধম বলে সম্বোধন করলেও দেবী সরস্বতী কৃত এর বাস্তব অর্থ হল, জীবমাত্রেই অধম অর্থাৎ তুচ্ছ যাঁর তেজের কাছে, অর্থাৎ হে পুরুষোত্তম। বালেনৈকেন ইতি—যার নিকট ব্রহ্মা বালকসম সেই মহামহেশ্বরের সহিত লজ্জয়া ইতি—যুদ্ধে লজ্জা, দুষ্টজীব-স্বভাব হেতু আমার যোগ্যতা না থাকায়। গুপ্তেন ইতি—কংসের ভয়ে গোকুলে গত হয়ে বৈশ্যপালিত হওয়ায় বৈশ্য সাধর্মপ্রাপ্ত তোমার সহিত যুদ্ধে লজ্জা। বাস্তব অর্থঃ সর্বঅন্তরে অবস্থিতি হেতু দর্শন-অযোগ্যতা হেতু যুদ্ধ করতে ইচ্ছা করি না। মন্দ—অকার বিশ্লেষণে—হে অমন্দ অর্থাৎ উত্তম। বন্ধুহন্‌—হে মাতুলঘাতী। বাস্তব অর্থ বধ্নাতি জীবান্‌ অর্থাৎ জীবকে বন্ধন করেন। 'বন্ধুঃ' অবিদ্যা, এই অবিদ্যা দূরকারী।

এই জরাসন্ধের দেহ অচ্ছেদ্য নিজেই ইহা বিবেচনা করে বলদেবকে সন্তুষ্ট করার জন্য 'বা' শব্দ প্রয়োগে পক্ষান্তর উঠিয়ে বললেন, 'মাং-জহি' আমাকে বধ কর ॥ বি০ ১৭-১৮ ॥

শ্রীভগবানুবাচ।

ন বৈ শূরা বিকত্থন্তে দর্শয়ন্ত্যেব পৌরুষম্।
ন গৃহ্ণীমো বচো রাজন আতুরস্য মুমূর্ষতঃ ॥ ১৯ ॥

শ্রীশুক উবাচ।

জরাসুতস্তাবভিসৃত্য মাধবৌ
মহাবলৌঘেন বলীয়সাবৃণোৎ।
সসৈন্যযান-ধ্বজ-বাজি-সারথী
সূর্য্যানলৌ বায়ুরিবাভ্ররেণুভিঃ ॥ ২০ ॥

১৯। **অন্বয়** ঃ শ্রীভগবান্ উবাচ—[হে] রাজন্, শূরাঃ বৈ (নিশ্চিতং) ন বিকত্থন্তে (আত্মশ্লাঘাং) কুর্বন্তি [কিন্তু] পৌরুষং এব দর্শয়ন্তি, আতুরস্য মুমূর্ষতঃ বচঃ ন গৃহ্ণীম্।

২০। **অন্বয়** ঃ শ্রীশুকঃ উবাচ—বায়ুঃ-অভ্ররেণুভিঃ-সূর্য্যানলৌ ইব (যথা বায়ু 'অভ্রৈঃ' মেঘৈঃ সূর্যং, 'রেণুভিঃ' ধূলিলবৈঃ অনলং আবৃণোতি তথা) জরাসুতঃ (জরাসন্ধঃ) মাধবৌ (মধুবংশ জাতৌ) তৌ (রামকৃষ্ণৌ) অভিসৃত্য (সমীপমাগত্য) বলীয়সা (বলবতা) মহাবলৌঘেন মহতা সৈন্যবৃন্দেন সসৈন্য যান ধ্বজ-বাজি-সারথী (সৈনৈঃ যানৈঃ ধ্বজৈঃ বাজিভিঃ অশ্বৈ সারথিভিশ্চ সহ তৌ) আবৃণোৎ (আবৃতবান্)।

১৯। **মূলানুবাদ** ঃ জরাসন্ধকে নিজের সহিত যুদ্ধকৌতুকে প্রবর্তিত করার জন্য তার কথার বাস্তব অর্থ ছেড়ে দিয়ে ব্যক্তার্থ আশ্রয় করত পরিহাস বাক্যে উত্তর দিলেন কৃষ্ণ—হে রাজা জরাসন্ধ! বীরগণ কখনও আত্মশ্লাঘা করে না, পরন্তু নিজ বিক্রমই দেখিয়ে থাকে—এতো প্রসিদ্ধই আছে। তবে কথা কি, তুমি বায়ু প্রভৃতি দোষ-ব্যাকুল, তার মধ্যে আবার সম্প্রতিই মৃত্যু-কবলিত হবে, তাই তোমার এই গালমন্দ ধরছি না। তোমাতে বস্তুবুদ্ধি না থাকায় তোমা বিষয়ে চিন্তাও করছি না, ক্রোধ করাতো দূরের কথা।

২০। **মূলানুবাদ** ঃ শ্রীশুকদেব বললেন—অনন্তর বায়ু যেমন মেঘমালাদ্বারা সূর্যকে ও ধূলি জালে যথা অগ্নিকে আবৃত করে, সেইরূপ জরাসন্ধ মধুবংশোদ্ভব রামকৃষ্ণের নিকটে নিয়ে বলশালী মহাসৈন্যবৃন্দের দ্বারা ঘিরে ফেলল সৈন্য-যান-ধ্বজ-অশ্ব-সারথীসহ রামকৃষ্ণকে।

১৯। **শ্রীজীব বৈ০ তো০ টীকা** ঃ আত্মনা সহ যুদ্ধকৌতুকে তং প্রবর্ত্তয়িতুং ব্যক্তার্থমাশ্রিত্য সোল্লুণ্ঠমুত্তরমাহ—নেতি, ন বিকত্থন্তে নাত্মানং শ্লাঘন্তে, বৈ এতৎ প্রসিদ্ধমেবেত্যর্থঃ। ন চ তর

সুপর্ণতালধ্বজচিহ্নিতৌ রথা-
বলক্ষয়ন্ত্যো হরিরাময়োর্মৃধে।
স্ত্রিয়ঃ পুরাট্টালক-হর্ম্ম্য-গোপুরং
সমাশ্রিতাঃ সংমুমুহুঃ শুচার্দ্দিতাঃ ॥ ২১ ॥

২১। **অন্বয়** ঃ পুরাট্টলক (দুর্গোপরি রচিতমুচ্চগৃহং) হর্ম্ম্য (উচ্চ প্রাসাদং) গোপুরং (পুরদ্বারঞ্চ) সমাশ্রিতা (উপর্যধিরূঢ়া) স্ত্রিয়ঃ (পুরনার্যঃ) মৃধে (সংগ্রামক্ষেত্রে) হরিরাময়োঃ সুপর্ণ-তালধ্বজ-চিহ্নিতৌ রথৌ অলক্ষয়ন্ত্যঃ শুচার্দিতা সংমুমুহুঃ (মূর্চ্ছিতা বভূবুঃ)।

২১। **মূলানুবাদ** ঃ দুর্গোপরি নির্মিত উচু ঘর, উচু প্রাসাদ এবং নগরের বহির্দ্বার,—এ সবের উপরে উঠে দাঁড়িয়েও পুরনারীগণ যুদ্ধক্ষেত্রে কৃষ্ণ-বলরামের গরুড় ও তালধ্বজ চিহ্নিত রথাদি দেখতে না পেয়ে শোকে গাঢ় মূর্চ্ছায় ঢলে পড়লেন।

গালিপ্রদানেন বয়ং ক্ষুভ্যাম ইত্যাহ—নেতি। আতুরস্য বাতাদিদোষব্যাকুলস্য, তত্রাপি মুমূর্ষতঃ, সম্প্রত্যেব মরিষ্যতঃ, বচো ন গৃহ্নীম, ন বস্তু বুদ্ধ্যা ভাবয়ামঃ। কুতঃ ? কোপং কুর্ম্ম ইত্যর্থঃ। রাজন্নিতি যদ্যপি রাজ্ঞস্তেদতীবানুচিতমিতি ভাবঃ ॥ জী০ ১৯ ॥

১৯। **শ্রীজীব বৈ০ তো০ টীকানুবাদ** ঃ জরাসন্ধকে নিজের সহিত যুদ্ধকৌতুকে প্রবর্তিত করার জন্য কৃষ্ণ তাঁর কথার বাস্তব অর্থ ছেড়ে দিয়ে বাক্যার্থ আশ্রয় করত পরিহাস বাক্যে উত্তর দিলেন. নেতি।—ন বিকত্থান্তে—আত্ম-প্রশংসা করোনা। বৈ—ইহা প্রসিদ্ধই আছে জনসমাজে। তোমার গালি প্রদানে আমরা ক্ষুব্ধও হইনি, এই আশয়ে বলা হচ্ছে, নেতি। আতুরস্য—বায়ু প্রভৃতি দোষ-ব্যাকুল, তারমধ্যে আবার মুমূর্ষতঃ- সম্প্রতিই মরে যাবে, তাই তোমার গালমন্দ ধরছি না। তোমাতে বস্তুবুদ্ধি না থাকায় তোমা বিষয়ে চিন্তাও করছি না। ক্রোধ করার তো কথাই উঠে না। রাজন্ ইতি—এই সম্বোধনের ভাব হল, যদিও রাজার পক্ষে এও অনুচিত ॥ জী০ ১৯ ॥

২০। **শ্রীজীব বৈ০ তো০ টীকা** ঃ শ্রীশুক উবাচেতি ক্বাচিৎকং, জরাসুত ইতি জরা নাম রাক্ষস্যা সংহিতদেহত্বাৎ তদ্দত্ত-শক্তিতেন মনুষ্যাতীত-শক্তিরুক্তা। মাধবাবিতি দাশার্হাবিতিবৎ, অতএবাবৃণোৎ। সূর্য্যানলৌ প্রলয়কালসম্বন্ধিনৌ জ্ঞেয়ৌ, সম্প্রতি সহযোগিতয়া তথৈব ভাসমানত্বাৎ। ॥ জী০ ২০ ॥

২০। **শ্রীজীব বৈ০ তো০ টীকানুবাদ** ঃ জরাসুত—জরাসন্ধ মাতৃগর্ভ থেকে দুখণ্ডে ভূমিষ্ঠ হলে ঐ খণ্ডদ্বয় জঙ্গলে নিক্ষিপ্ত হয়। তৎপর উহা 'জরা' নামক রাক্ষসীর দ্বারা সংমিলিত হওয়ায় তদ্দত্ত শক্তি প্রাপ্তিতে মনুষ্যাতীত শক্তি হল তার, সে কথাই ব্যক্ত হল এ শ্লোকে। অতএব

মাধবৌ—মধুবংশ জাত রামকৃষ্ণকে আবৃত করে ফেলল। —'সূর্য্যানলৌ' এই সূর্য-অগ্নি প্রলয়কাল সম্বন্ধী বলে জানতে হবে। সম্প্রতি জরাসন্ধের সহযোগীরূপে (অর্থাৎ প্রতিদ্বন্দ্বীতায়) সেইরূপই দীপ্ত হয়ে উঠল ॥ জী০ ২০ ॥

২০। শ্রীবিশ্বনাথ টীকা ঃ মাধবৌ মধুবংশোদ্ভূতৌ বায়ুর্যথা সূর্যমভ্রৈরগ্নিঞ্চ রেণুভিরাবৃণোতি তথেত্যদর্শনমাত্রমেবাবরণমিতি সূচিতম্ ॥ বি০ ২০ ॥

২০। শ্রীবিশ্বনাথ টীকানুবাদ ঃ মাধবৌ—মধুবংশোদ্ভূত রামকৃষ্ণ। বায়ুরিবাভ্রৈরেণুভিঃ—সূর্য্যানলৌ-বায়ু—যথা 'অভ্রৈ' মেঘের দ্বারা সূর্যকে ছেয়ে ফেলে, ধূলিজালের দ্বারা অগ্নিকে, তথা জরাসন্ধ সৈন্যরাশি দ্বারা ছেয়ে ফেললেন রাম-কৃষ্ণকে, এখানে অদর্শন মাত্রই ছেয়ে ফেলা, এরূপ সূচিত ॥ বি০ ২০ ॥

২১। শ্রীজীব বৈ০ তো০ টীকা ঃ সুপর্ণেতি তত্তদ্ধ্বজা-দর্শনমপি সূচিতম্। হরির্নিজ-মনোহরণাৎ, রাম ইতি তন্মনোরমণাৎ। তয়োরিতি পরমপ্রিয়ত্বং সূচিতম্। পুরস্যাট্টালকং দুর্গোপরি রচিতমুচ্চগৃহং, হর্ম্ম্যাণ্যুচ্চপ্রাসাদং, গোপুরঞ্চ; দ্বন্দ্বৈক্যম্। সম্যগাশ্রিতা উপর্য্যধিরূঢ়া অপি মৃধে যুদ্ধ-ভূমৌ অলক্ষয়ন্ত্যঃ লক্ষণৈরপ্যতর্কয়ন্ত্যঃ, শুচার্পিতাঃ শোকেন ব্যাপ্তাঃ সত্যঃ। অর্দ্দিতা ইতি পাঠে পীড়িতাঃ সত্যঃ সম্যঙ্মুমুহুঃ, যতঃ স্ত্রিয়ঃ, স্ত্রীণাং স্বভাবত এব স্নেহার্দ্র চিত্তত্বাদিতি ভাবঃ ॥ জী০ ২১ ॥

২১। শ্রীজীব বৈ০ তো০ টীকানুবাদ ঃ তৎকালে কৃষ্ণ-বলরামের সুপর্ণ—গরুড় ও তাল-ধ্বজ অদৃশ্য হয়ে যাওয়াও সূচিত হল। হরির্নিজময়োঃ—নিজ মন হরণ হেতু 'হরি'। 'রাম' কৃষ্ণ-মন রমন হেতু 'রাম'। এ দুজনের মধ্যে পরমপ্রিয়তা সূচিত হল। পুরাট্টালক—দুর্গের উপরে রচিত উচ্চগৃহ। হর্ম্ম্য—উচ্চ প্রাসাদ। গোপুরং—পুরদ্বার। সম্যাশ্রিতাঃ—এসবের উপরে উঠে দাঁড়িয়েও মৃধে—যুদ্ধভূমিতে রথাদি অলক্ষয়ন্ত্যো—দেখতে পেলেন না। —লক্ষণেও কিছু অনুমান করা গেল না। শুচার্পিতাঃ—শোকে আচ্ছন্ন হয়ে পড়লেন। 'শুচার্দিতা' পাঠও আছে, এতে অর্থ —পীড়িতা হলেন সংমুমুহুঃ—মূর্চ্ছিত হয়ে পড়লেন। স্ত্রিয়ঃ—যেহেতু তারা স্ত্রীলোক স্বভাবতই স্নেহার্দ্রচিত্ত হওয়া হেতু, এরূপ ভাব ॥ জী০ ২১ ॥

২১। শ্রীবিশ্বনাথ টীকা ঃ শুচার্পিতাঃ শোকব্যাপ্তাঃ 'শুচার্দ্দিতা' ইত্যপি পাঠ। স্ত্রিয়ঃ ইতি পুন্ত্যঃ সকাশাৎ কৃষ্ণে স্ত্রীণামাসক্ত্যাধিক্যাৎ ॥ বি০ ২১ ॥

২১। শ্রীবিশ্বনাথ টীকানুবাদ ঃ শুচার্পিতাঃ—শোকব্যাপ্তা। শুচার্দ্দিতা পাঠও আছে। স্ত্রিয়ঃ—পুরুষদের থেকে স্ত্রীদের কৃষ্ণে আসক্তি অধিক থাকা হেতু তাদের নামই উল্লেখ করা হয়েছে ॥ বি০ ২১ ॥

হরিঃ পরানীকপয়োমুচাং মুহুঃ
শিলীমুখাত্যুল্বণবর্ষপীড়িতম্ ।
স্বসৈন্যমালোক্য সুরাসুরার্চ্চিতং
ব্যস্ফূর্জয়চ্ছার্ঙ্গ শরাসনোত্তমম্ ॥ ২২ ॥
গৃহ্ণন্নিষঙ্গাদথ সন্দধচ্ছরান্
বিকৃষ্য মুঞ্চন্ শিতবাণপূগান্ ।
নিঘ্নন্ রথান্ কুঞ্জরবাজিপত্তীন্
নিরন্তরং যদ্বদলাতচক্রম্ ॥ ২৩ ॥
নির্ভিন্নকুম্ভাঃ করিণো নিপেতু-
রনেকশোঽশ্বাঃ শরবৃক্ণকন্ধরাঃ ।
রথা হতাশ্বধ্বজসূতনায়কাঃ
পদাতয়শ্ছিন্নভুজোরুকন্ধরাঃ ॥ ২৪ ॥

২২-২৩-২৪। **অন্বয়** : হরিঃ মুহুঃ পরানীকপয়োমুচাং (পরস্য 'অনীকানি' সৈন্যানি, তানি এব পয়োমুচঃ মেঘা তেষাং) শিলিমুখাত্যুল্বণবর্ষপীড়িতং ('শিলিমুখাঃ' বাণাঃ তেষাং অত্যুল্বনং অত্যুগ্রং বর্ষং তেন পীড়িতং) স্বসৈন্যং আলোক্য নিষঙ্গাৎ (তূণাৎ) নিরন্তরং শরান্ গৃহ্ণন্ [অথ] সন্দধৎ (তান্গুণে সংযোজয়ন্) বিকৃষ্য (কর্ণান্তম্ আকৃষ্য) শিতবাণপুগান্ (তীক্ষ্ণবাণ-সমূহান্) মুঞ্চন্ (নিক্ষিপন্) রথান্ (শত্রুরথান্) তথা কুঞ্জরবাজিপত্তীন্ ('কুঞ্জরাঃ' গজাঃ, 'বাজয়ঃ' অশ্বাঃ 'পত্তয়ঃ' পদাতয়শ্চতান্) নিঘ্নন্ (বিনাশয়ন্সন্) সুরাসুরার্চ্চিতং শার্ঙ্গশরাসনোত্তমং (শার্ঙ্গনামকং স্বস্যউত্তমং শরাসনং ধনুঃ ব্যস্ফূর্জয়ৎ ।

(শ্রীহরেঃ এবং ধনুর্বিস্ফূর্জনেন) করিণঃ (শত্রুপক্ষীয় রণগজাঃ) নির্ভিন্নকুম্ভা [সন্তঃ], অনেকশঃ অশ্বাঃ শরবৃক্ণকন্ধরাঃ (শরৈঃ 'বৃক্ণাঃ' ছিন্নাঃ কন্ধরাঃ গ্রীবা যেষাং তে) হতাশ্বধ্বজসূতনায়কাঃ (হতাঃ অশ্বাঃ-ধ্বজাঃ-'সূতা' সারথয়ঃ-'নায়কাঃ' রথিনশ্চ যেষু তে) রথাঃ, ছিন্নভুজোরুকন্ধরাঃ পদাতয়ঃ, [চ] অনেকশঃ নিপেতুঃ ।

২২-২৩-২৪। **মূলানুবাদ** ঃ জরাসন্ধের সৈন্যরূপ মেঘমালা থেকে মুহুর্মুহু অতি প্রবল বাণ-বর্ষণ ফলে নিজ সৈন্যদের সন্ত্রস্ত হতে দেখে শত্রুসৈন্য সংহারক কৃষ্ণ তূণ থেকে অতি তীক্ষ্ণ তীক্ষ্ণ বাণ তুলে নিয়ে ধনুর ছিলায় আরোপ করে করে আকর্ষণ করত অতিদ্রুত বারম্বার নিক্ষেপে শত্রুপক্ষের অসংখ্য হস্তী-অশ্ব-পদাতিক সৈন্যের সহিত রথ ধ্বংস করতে করতে সুরাসুর অর্চিত শার্ঙ্গনামক নিজ ধনুকে মথুরার চতুর্দিকে আলাতচক্রবৎ ঘুরিয়ে ঘুরিয়ে ঝলকিয়ে উঠালেন । এতে শত্রুপক্ষীয় হস্তি-সমূহ খণ্ডিত কুম্ভদেশা হয়ে বহু বহু অশ্ব বাণে ছিন্ন গ্রীবা হয়ে, বহু বহু রথ অশ্ব-ধ্বজা-সারথি-রথী-বিহীন হয়ে এবং বহু বহু পদাতিক সৈন্য ছিন্নভুজ-উরু-গ্রীবা হয়ে ধরাশায়ী হল ।

২২-২৩-২৪। **শ্রীজীব বৈ০ তো০ টীকা** ঃ হরিরিতি যুগ্মকম্। তন্নাম চ পরসৈন্য-সংহারাভিপ্রায়েণ; পীড়নমত্র সম্পাতেন বিত্রাসনমেব, ন তু ছেদনং, 'মুকুন্দোঽপ্যক্ষতবলঃ' (শ্রীভা০ ১০/৫০/৩৫) ইতি বক্ষ্যমাণাৎ, তচ্চ তেন স্ববিদ্যাবিশেষাভিব্যঞ্জনাৎ। অহো তত্র পরমাশ্চর্য্যং শৃণ্বিত্যাহ—গৃহ্ণন্নিত্যাদিনা। অথানন্তরঃ তৎক্ষণমেবেত্যর্থঃ। অস্য বক্ষ্যমাণস্যানেকশ ইত্যস্যাপি সর্ব্বেরেবান্বয়ঃ॥

রথানিতি তদীয়াংশ্চ ধ্বজাদীন্, এতচ্চাগ্রে ব্যক্তং ভাবি। তদ্যুতৈঃ। অত্রোজ্জৃম্ভিতেব ন্যটঙ্কারং মুহুরাকৃষ্য নমিতবানিত্যর্থঃ। চক্রবদ্বর্ত্তীতি মণ্ডলাকারতয়া সর্ব্বত্র বর্ত্তত ইত্যর্থঃ; তাদৃগিতি তাদৃশীং কৃত্বেত্যর্থঃ; যদ্বা, ততশ্চ যদ্বদলাতচক্রং, তদ্বদেব হরিঃ সত্রর্ব্বাপ্যদৃশ্যতেতি শেষঃ। কিং কুর্ব্বন্? পরেষাং শিরোবাণ-পূগাদীন্ নিঘ্নন্॥

নির্ভিন্নকুম্ভা ইত্যাদিনা তত্রাপি যোগ্যাযোগ্যস্থান এব বেধনমিতি বিশেষোক্তিঃ॥ জী০ ২২-২৩-২৪॥

২২-২৩-২৪। **শ্রীজীব বৈ০ তো০ টীকানুবাদ** ঃ 'হরিঃ' ইত্যাদি ২২ শ্লোক এবং পরের ২৩ শ্লোক একসঙ্গে ব্যাখ্যা। —এখানে 'হরি' শব্দটি প্রয়োগ হয়েছে, পরসৈন্য-সংহার অভিপ্রায়। পীড়িতম্—এখানে 'পীড়ণ' শব্দে বাণবর্ষণে 'সন্ত্রাস সৃজন'ই উদ্দিষ্ট, 'ছেদন' বিষয় নয়, কারণ শ্রীমদ্ভাগবতের ১০/৫০/৩৫ শ্লোকে বলা আছে—"মুকুন্দোঽপ্যক্ষতবলঃ"—(শ্রীভা০ ১০/৫০/৩৫) অর্থাৎ 'মুকুন্দ'ও অক্ষত সৈন্যমণ্ডলীর সহিত শত্রুসৈন্যসিন্ধু উত্তীর্ণ হলেন। ঐ যে পীড়িত হতে দেওয়া, তাও নিজ বিদ্যাবিশেষ অভিব্যক্তির জন্য। অহো তথায় পরমাশ্চর্য যা হল, তা শুনুন, এই অংশয়ে বলা হচ্ছে—'গৃহন' ইত্যাদি কথায়। অথ—অনন্তর অর্থাৎ সেই ক্ষণেই। এই এখানে যা বলা হল, তার থেকে ৩৭ শ্লোকের 'অনেকশঃ' পর্যন্ত যা কিছু বর্ণন হয়েছে সব একসঙ্গে অন্বয় করে কৃষ্ণ-জরাসন্ধ যুদ্ধ-কথন বুঝে নিতে হবে। [শ্রীবলদেব টীকা—গৃহ্ণন ইতি—তূণ থেকে শরসমূহ এক এক করে হাতে তুলে নিলেন। অথ—অতঃপর সেগুলি ধনুর ছিলায় স্থাপন করত ছিলায় টান দিয়ে সেই তীক্ষ্ণ বাণ সকল নিক্ষেপ করত সেই জরাসন্ধের রথাদি সবকিছু ধ্বংস করলেন। নিরন্তরং ইতি—এই শব্দটি গ্রহণাদি ক্রিয়াবিশেষণ—একে এই গ্রহণক্রিয়া ক্রমঅনুসারে উদ্ভূত হলেও দর্শকের প্রতি প্রতীতি জন্মাল ক্ষণার্ধ মধ্যে শতকোটি গ্রহণক্রিয়া সম্পাদিত হয়েছে—অতঃপর যদ্বদলাতচক্রম্—জলন্ত কাষ্ঠ যেমন ঘুরালে চক্রবদ্‌ঘোরে তথা মথুরার চতুর্দিকে সর্বসৈন্য অভিমুখে ঘূর্ণায়মান শার্ঙ্গাত্মক ধনু শ্রেষ্ঠকে কৃষ্ণ ঝলকিয়ে উঠালেন। 'নির্ভিন্নকুম্ভা' অর্থাৎ 'খণ্ডিত গজ কুম্ভ সমূহ' ইত্যাদি দ্বারা—জরাসন্ধের সৈন্যাদি বিনাশ।—তার মধ্যেও যোগ্যাযোগ্য স্থানেই খণ্ডিতকরণ—ইহাই বিশেষ উক্তি। ॥ জী০ ২২-২৩-২৪॥

২২-২৩-২৪। **শ্রীবিশ্বনাথ টীকা** ঃ পরেষাং শত্রূণামনীকান্যেব পয়োমুচো মেঘাস্তেষাং শিলীমুখা বাণাস্তেষাম্ভ্যুষণবর্ষেণ পীড়িতং ব্যক্ষ্য স্বং উজ্জৃম্ভয়মাস।

কিং কুর্ব্বন্নিত্যত আহ,—নিষঙ্গাৎ ইষুধেঃ সবাশাৎ শরান্ একৈকান গৃহ্ণন্। অথ তদনন্তরং তান্

সংছিদ্যমানদ্বিপদেভবাজিনা-
মঙ্গপ্রসূতাঃ শতশোঽসৃগাপগাঃ।
ভুজাহয়ঃ পুরুষশীর্ষকচ্ছপা
হতদ্বিপদ্বীপহয়গ্রহাকুলাঃ ॥ ২৫ ॥
করোরুমীনা নরকেশশৈবলা
ধনুস্তরঙ্গায়ুধগুল্মসঙ্কুলাঃ।
অচ্ছুরিকাবর্ত্তভয়ানকা মহা-
মণিপ্রবেকাভরণাশ্মশর্করাঃ ॥ ২৬ ॥
প্রবর্ত্তিতা ভীরুভয়াবহা মৃধে
মনস্বিনাং হর্ষকরী পরস্পরম্।
বিনিঘ্নতারীন্ মুষলেন দুর্ম্মদান্
সঙ্কর্ষণেনাপরিমেয়তেজসা ॥ ২৭ ॥
বলং তদঙ্গার্ণবদুর্গ ভৈরবং
দুরন্তপারং মগধেন্দ্রপালিতম্।
ময়ং প্রণীতং বসুদেবপুত্রয়ো-
র্বিক্রীড়িতং তজ্জগদীশয়োঃ পরম্ ॥ ২৮ ॥

২৫-২৮। **অন্বয়** ঃ সংছিদ্যমানদ্বিপদেভবাজিনাং (সংচ্ছিদ্যমানং 'দ্বিপদানাং' মনুষ্যানাং 'ইভানাং' হস্তিনাং 'বাজিনাং' অশ্বানাঞ্চ) অঙ্গপ্রসূতাঃ (অঙ্গজাতাঃ) শতশঃ অসৃগাপগাঃ শোণিতনদ্যঃ প্রবর্তিতাঃ (২৭ শ্লোকস্থপদেনান্বয়ঃ) — ভুজাহয়ঃ (তেষাংভুজা এব 'অহয়ঃ' সর্পাঃ যাসু তাঃ) পুরুষশীর্ষ কচ্ছপা (পুরুষানাং শীর্ষাণ্যেব কচ্ছপা যাসু তাঃ) হতদ্বীপহয়গ্রহাকুলাঃ (হতাদ্বিপা 'গজাঃ' এব দ্বীপা অন্তর্দ্বীপভূময়ঃ হয়া অশ্বাঃ এব গ্রহা নক্রাঃ তৈশ্চ আকুলাঃ 'ব্যাপ্তাঃ') ।

করোরুমীনাঃ (করাঃ 'হস্তদেশাঃ' উরবশ্চ মীনাঃ যাসু তাঃ) নরকেশঃ শৈবলাঃ (নরাণাং কেশ এব শৈবলা যাসু তাঃ) ধনুস্তরঙ্গায়ুধ-গুল্ম সঙ্কুলাঃ (ধনুংষ্যেব তরঙ্গা আয়ুধান্যেব গুল্মা তৈশ্চ সঙ্কুলাঃ) অচ্ছুরিকাবর্ত্তভয়ানকা (অচ্ছুরিকাঃ চর্মানি চক্রানি বা তা এব আবর্তাঃ তৈঃ ভয়ানকাঃ) মহামণি-প্রবেকাভরণাশ্মশর্করাঃ (মহামণীনাং প্রবেকা উত্তমা আভরানি চ যথাযথং অশ্মানঃ প্রস্তরাঃ শর্করাঃ বালুকাশ্চ যাসু তাঃ) ।

মৃধে (সংগ্রামক্ষেত্রে) [পরস্পরং প্রবর্তিতা তাঃ নদ্যঃ] ভীরুভয়াবহা (ভীরুজনানাং ভয়ঙ্কর্যঃ) মনস্বিনাংহর্ষকরী (বীরাণাং হর্ষকর্যঃ) [বভুবুঃ] ।

অঙ্গ (হে পরীক্ষিৎ) দুর্ম্মদান (দুষ্টাংহঙ্কারান্) অরীন্ মুষলেন বিনিঘ্নতা অপরিমেয় তেজসা

সঙ্কর্ষণেন অর্ণবদুর্গ ভৈরবং (সমুদ্রবৎ দুর্গমং ভয়ঙ্করঞ্চ) দুরন্তপারং মগধেন্দ্রপালিতং তৎ বলং (সৈন্যং) ক্ষয়ং প্রণীতং (প্রাপিতং বভূব) বসুদেবপুত্রয়োঃ তৎ (যৎ কর্ম রিপুহননরূপং কথিতং তৎ) পরং (কেবলঃ) বিক্রীড়িতং (ক্রীড়ামাত্রং নতু পরাক্রমঃ) ।

২৫-২৮। **মূলানুবাদ ঃ** ছিন্নভিন্ন মনুষ্য-হস্তী-অশ্বের অঙ্গনিঃসৃত রক্তে শতশত রক্তনদী বয়ে চলল, যাতে মানুষের মাথা যেন কচ্ছপ, ধরাশায়ী গজ যেন এক একটি দ্বীপ, ধরাশায়ী অশ্ব যেন এক একটি হাঙ্গর।

ঐ নদীতে মানুষের কেশরাশি যেন শৈবাল, ধনুসকল যেন তরঙ্গ, অস্ত্রশস্ত্রগুলি যেন ছোট ছোট গাছের ঝাড়, চক্রসকল যেন ভয়াবহ ঘুর্ণিপাক, মহামণিজড়িত আভরণ নিবহ যেন যথাযথ প্রস্তর, কঙ্কর ও বালুকা। —রণক্ষেত্রের এই দৃশ্য ভীরু ব্যক্তিগণের ভয়ঙ্করী এবং বীরদের হর্ষকরী হয়েছিল।

হে পরীক্ষিৎ ! যিনি গদাদ্বারা দুর্দমনীয় শত্রুগণের সংহার করতে সমর্থ, সেই অপরিমেয় পরাক্রমশালী শ্রীবলদেব মগধরাজ জরাসন্ধ রক্ষিত অপার সমুদ্রের ন্যায় দুর্গম ও ভয়ঙ্কর হতাবশিষ্ট সৈন্যনিবহের ধ্বংস সাধন করলেন।

গুণে সন্দধৎ গুণমাকৃষ্য তান্ মুঞ্চন্ তৈশ্চ রথাদীন্নিঘ্নন্নিরন্তরমিতি গ্রহণাদি সর্বক্রিয়াবিশেষণম্ তেন গ্রহণযোজনবিকর্ষণ-নিঃক্ষেপণ প্রহরণক্রিয়াঃ ক্রমেণোদ্ভূতা অপি সদৈবোদ্ভবন্ত্য ইব দ্রষ্টৄন্ প্রতি ভাতাঃ ক্ষণার্ধমধ্যে শতকোটি-কৃত্বোঽভবন্তীত্যর্থঃ। ততশ্চ অলাতচক্রং জ্বলংকাষ্ঠং ভ্রমণে যথা চক্রবদ্ভবতি তদ্বদেব মথুরায়াশ্চতুর্দিক্ষু সৈন্যাভিমুখং ভ্রমন্ শার্ঙ্গং ব্যস্ফূর্জ্জয়দিতি ॥ বি০ ২২-২৩ ২৪ ॥

২২-২৩-২৪। **শ্রীবিশ্বনাথ টীকানুবাদ ঃ পরানীকপয়োমুচাং**—শত্রুসৈন্যরূপ পয়োমুচাং—মেঘমালা তাদের **শিলীমুখ্যাৎ ইতি**—যে বাণসমূহ, তাদের অতিপ্রবল বর্ষণ, তার দ্বারা পীড়িত। **ব্যস্ফূর্জ্জয়ৎ**—ঝলকিয়ে উঠল শার্ঙ্গনামক কৃষ্ণধনু।

কি করতে করতে ঝলকিয়ে উঠালেন,—এরই উত্তরে বলা হচ্ছে—নিষঙ্গাৎ— তূণ থেকে শরসমূহ এক এক করে তুলে নিয়ে—তৎপর ধনুকের গুণে সংযোজিত করত ঐ গুণ আকর্ষণ করে করে ঐ শরসমূহ ছুড়লেন, আর ঐ শরসমূহ রথাদি ধ্বংস করল। — **নিরন্তরম্**—এই 'নিরন্তর' কথাটি শ্লোকের সর্বক্রিয়া বিশেষণ। এ হেতু শর গ্রহণ-যোজন-আকর্ষণ নিক্ষেপ ধ্বংসন ক্রিয়া সকল ক্রমে ক্রমে প্রকাশিত হলেও সদাই যেন প্রকাশিত আছে, এরূপ প্রতিভাত হচ্ছে দর্শকের চক্ষে, অর্থাৎ ক্ষণার্ধমধ্যে শতকোটি হয়ে প্রকাশিত হচ্ছে। **যদ্বদলাতচক্রম্**—অতঃপর আরও 'আলাত-চক্রং' জলন্ত কাষ্ঠ ঘুরালে যথা চক্রের আকার নেয়, সেইরূপই শার্ঙ্গধনু মথুরার চতুর্দিকে সৈন্যদের অভিমুখে ঘুরতে ঘুরতে ব্যস্ফূর্জয়ৎ চক্রের আকার নিল ॥ বি০ ২২-২৩-২৪ ॥

২৫-২৮। **শ্রীজীব বৈ০ তো০ টীকা :** সংছিদ্যেতি সার্দ্ধদ্বয়ম্। গুল্মাঃ হ্রস্বাঃ অপ্রকাণ্ড-বৃক্ষজাতয়ঃ; অচ্ছুরিকা-শব্দো বৈদিকঃ, পঞ্চমস্কন্ধেঽপি (৩-৩) প্রযুক্তোঽস্তি—'অচ্ছুর্যামৃতমণি' ইত্যাদৌ। পরস্পরং হর্ষকরী বীরস্বাভাব্যাদ্ম্রিয়মাণানাঞ্চানন্দপ্রদাঃ প্রবর্ত্তিতাঃ শ্রীভগবতৈব। যদ্বা, অসৃগাপগা এব পরস্পরং প্রবর্ত্তিতাঃ, মিলিত্বা মর্দ্দিতা ইত্যর্থঃ। তত্র প্রথমপক্ষে নির্ভিন্নকুম্ভা ইত্যাদিনা তৎপরাক্রমবর্ণনস্যৈব সোৎসাহমপক্রান্তত্বাৎ 'মুকুন্দোঽপ্যক্ষতবলঃ' (শ্রীভা০ ১০-৫০-৩ ইত্যাদি-বক্ষ্যমাণাৎ পরস্পরং হর্ষকরীতিত্যব্যবহিতান্বয়াচ্চ; দ্বিতীয়পক্ষে তত্রৈব তাৎপর্য্যাৎ।

দুর্ম্মদান্ দুষ্টাহঙ্কারান্, সাক্ষাৎ শ্রীভগবতা সহ যুদ্ধাৎ; যদ্বা, নিজবলাদিনা মহামত্তানপীত্যর্থঃ। তেজঃ পরাক্রমঃ; বিশিষ্টক্রীড়িতং লীলাবিশেষ ইত্যর্থঃ; যতঃ লীলয়া বসুদেবপুত্রয়োরপি অব্যভিচারি-সর্ব্বৈশ্বর্য্যয়োঃ পরমিত্যনেন তত্র ভূভারহরণ-প্রয়োজনস্যানুষঙ্গিকত্বং ব্যঞ্জিতম্ ॥ জী০ ২৫-২৮ ॥

২৫-২৮। **শ্রীজীব বৈ০ তো০ টীকানুবাদ :** 'সংছিদ্যমান' থেকে পরম্পরম্ পর্যন্ত ২½ শ্লোক একসঙ্গে ব্যাখ্যা। গুল্মাঃ—ডালপালাহীন ছোট ছোট গাছের ঝাড়। অচ্ছুরিকা—এই শব্দটি বৈদিক—পঞ্চমস্কন্ধেও (৩/৩) শ্লোকে প্রযুক্ত হয়েছে, যথা 'অচ্ছুর্যামৃতমণি'। ২৫ শ্লোকের 'অসৃগাপগা' এবং ২৭ শ্লোকের 'প্রবর্ত্তিতা' এবং 'মনস্বিনাং হর্ষকরী পরস্পরম্' এই শব্দ কয়টিকে দুভাবে অন্বয় করত ব্যাখ্যা করা হচ্ছে, যথা—'অসৃগাপগা মনস্বিনাং পরস্পর হর্ষকরী' অর্থাৎ শোণিত নদী বীরদের পরস্পর আনন্দপ্রদ হয়ে থাকে, তাই এদের বীরস্বভাব হেতু এই হত্যা ও ম্রিয়মান অবস্থা আনন্দপ্রদ হল পরস্পর রামকৃষ্ণের। অসৃগাপগা ভগবতা এব প্রবর্তিতা অর্থাৎ কৃষ্ণের দ্বারাই শোণিত নদী প্রবর্তিতা। অথবা শোণিত নদী সমূহই পরস্পর মিলে দলিতা হয়ে প্রবাহম না হল।

উপরের প্রথমপক্ষের ব্যাখ্যায়—২৪ শ্লোকের 'নির্ভিন্নকুম্ভা' অর্থাৎ ঐ যুদ্ধক্ষেত্রে প্রথমেই হস্তীর কুম্ভ বাণে কেটে ফেলা ইত্যাদির দ্বারা রামকৃষ্ণের সেই পরাক্রমই জরাসন্ধের উদ্যম (১০/৫০/৩) অপগমকারক হওয়া হেতু মুকুন্দোঽপ্যক্ষতবলঃ' (ভা০ ১০/৫০/৩২) অর্থাৎ 'মুকুন্দের বল অক্ষত' ইত্যাদি বক্তব্য থাকায় 'পরস্পরং হর্ষকরী' এরূপ অন্বয় অচ্ছেদ্য। দ্বিতীয় পক্ষে তথায়ই তাৎপর্য নিহিত।

দুর্ম্মদান্—দুষ্ট অহঙ্কারী শত্রুকে, সাক্ষাৎ শ্রীভগবানের যুদ্ধ করা হেতু। অথবা নিজ সৈন্যাদি হেতু মহামত্ত হয়েও (বলদেবের গদাঘাতে মরল)। তেজঃ—পরাক্রম। বিক্রীড়িতং—'বি' বিশিষ্ট ক্রীড়ামাত্র অর্থাৎ লীলাবিশেষ। লীলাবিশেষ কেন? এরই উত্তরে বসুদেব পুত্র হয়েও অবিকল সর্বৈশ্বর্য বিশিষ্ট। পরম্—শ্রেষ্ঠ। এই শব্দের দ্বারা এই শত্রুসৈনা নাশে ভুভারহরণ প্রয়োজনেরও আনুষঙ্গিকত্ব ব্যঞ্জিত হচ্ছে ॥ জী০ ২৫-২৮ ॥

২৫-২৮। **শ্রীবিশ্বনাথ টীকা :** ততশ্চ সংছিদ্যমানানাং দ্বিপদাদীনাং অঙ্গেভ্যঃ প্রসৃতা অসৃগাপগা রুধিরনদ্যঃ পরস্পরং কৃষ্ণ-রামাভ্যাং প্রবর্ত্তিতা ইতি তৃতীয়েনান্বয়ঃ। প্রসিদ্ধনদীরূপকমাহ,—

স্থিত্যুদ্ভবান্তং ভুবনত্রয়স্য যঃ
সমীহতেঽনন্তগুণঃ স্বলীলয়া।
ন তস্য চিত্রং পরপক্ষনিগ্রহ-
স্তথাপি মর্ত্ত্যানুবিধস্য বর্ণ্যতে ॥ ২৯ ॥

২৯। **অন্বয় ঃ** সঃ অনন্তগুণঃ স্বলীলয়া ভুবনত্রয়স্য স্থিত্যুদ্ভবান্তং (সৃষ্টিস্থিতি সংহারান্) সমীহতে (করোতি) পরপক্ষনিগ্রহঃ তস্য ন চিত্রং (আশ্চর্যজনকং) তথাপি মর্ত্ত্যানুবিধস্য (মনুষ্যান্ 'অনুবিধত্তে' অনুকরোতি ইতি তস্য, মনুষ্যধর্মনুকুর্বত ইত্যর্থঃ কর্ম) বর্ণ্যতে (বর্ণনং ক্রিয়তে)।

২৯। **মূলানুবাদ ঃ** অতিক্ষুদ্র নীচের সহিত যুদ্ধে রস নিষ্পন্ন হবে কি করে ? যদি না হয় তবে ইহার বর্ণনেরই বা কি প্রয়োজন, এরই উত্তরে—যে অনন্তগুণবিশিষ্ট ভগবান্ স্বলীলায় ত্রিভুবনের সৃষ্টিস্থিতি লয় করে থাকেন, তারপক্ষে এই সামান্য শত্রুপক্ষ কি আশ্চর্য নয় ? না, নয়। কারণ এ তিনি করে থাকেন নরদেহে অবতীর্ণ হয়ে—নর অনুরূপ ব্যবহারে, ঐশ্বর্য আবিষ্কারে নয়।

ভূজা এবাহয়ো যাসু তাঃ। হতদ্বিপা এব দ্বীপাঃ অন্তর্বর্ত্তিন উচ্চপ্রদেশাঃ হয়া এব গ্রহা গ্রাহাশ্চ-লা স্তৈরাকুলাঃ ব্যাপ্তাঃ।

অচ্ছুরিকাশ্চর্ম্মাণি চক্রাণি বা তা এবাবর্ত্তাস্তৈর্ভয়নকাঃ। মহামণীনাং প্রবেকাঃ শ্রেষ্ঠা আভরণানি চ ক্রমেণ অশ্মানঃ শর্করাশ্চ যাসু তাঃ। মনস্বিনাং বীরাণাং হর্ষকর্য্যঃ।

অঙ্গ হে রাজন, তদ্বলং অর্ণববৎ দুর্গং ভৈরবঞ্চ দুরন্তপারং দুঃশব্দো নিষেধে, অন্তস্তলং পারমবধিঃ। বিক্রমেণাগাধং দেশতশ্চ নিরবধিকমিত্যর্থঃ। বস্তুবিচারে তয়োস্তৎ কর্ম্ম কেবলং বিক্রীড়িতং নতু পরাক্রমঃ ॥ বিং ২৫-২৮ ॥

২৫-২৮। **শ্রীবিশ্বনাথ টীকানুবাদ ঃ** অতঃপর সংছিদ্যমান ইতি—সম্যক প্রকারে খণ্ডিত মানুষ-হস্তি-অশ্ব সকলের অঙ্গ থেকে রক্তপাতে শত শত রক্তনদী **পরস্পরং**—পরস্পর কৃষ্ণ-রামের দ্বারা প্রবর্তিত হল। প্রসিদ্ধ নদী-রূপক বলা হচ্ছে- উপমায় উভয়ের সাধারণ ধর্মটি উপলব্ধ হয় কিন্তু রূপকে উভয়ের অভেদই লক্ষীভূত] **ভুজাহয়ঃ**—বাহুই সর্প ঐ নদীতে। **হতদ্বিপদ্বীপ**—হত হস্তীই তথায় দ্বীপ। **হয়গ্রহা**- অশ্ব সকল [গ্রহা=হিংস্র জলজন্তু] —এ সবের দ্বারা **আকুলাঃ**—ব্যাপ্ত ঐ নদী।

অচ্ছুরিকা—চর্মচয় বা চক্রসমূহ —এই সকল হল ঐ নদীর ঘূর্ণিপাক - এই সকলের দ্বারা ভয়ঙ্কর হয়েছে নদীটি। **মহামণিপ্রবেকাভরণাশ্মশর্করাঃ**—মহামণিচয়ের শ্রেষ্ঠ অলংকার বড়-ছোট পর্যায় অনুসারে প্রস্তর ও কাঁকর ঐ নদীতে। **মনস্বিনা**—বীরদের আনন্দপ্রদ হল ঐ নদী।

অঙ্গ—হে রাজন্। তদ্বলং ইতি—জরাসন্ধের সৈন্য সাগরবৎ 'দুর্গং' দুর্গম এবং 'ভৈরবং' ভয়ঙ্কর, 'দুরন্তপারং' অন্তপার শূণ্য (দুঃশব্দ নিষেধে)—এই সমুদ্রের তট সীমাহীন। তল সীমাহীন। অর্থাৎ বিক্রমে অতি গম্ভীর, দেশতোবধিশূণ্য। ইহা পার হলেন কি করে? এর উত্তর শ্লোকের 'বসুদেবপুত্রয়োঃ' বাক্যটির—'বসুদেব' শব্দের অর্থের মধ্যেই আছে, যথা বসুদেব=স্বপ্রকাশ শুদ্ধ শ্রীভগবানের প্রকাশস্থান। কাজেই বস্তু বিচারে এই সৈন্যসাগর পার হওয়া রামকৃষ্ণের পক্ষে এক খেলা মাত্র ॥ বি° ২৫-২৮ ॥

২৯। শ্রীজীব বৈ° তো° টীকা ঃ ননু যদি জগদীশতা, তর্হি কথং ক্ষুদ্রাতিক্ষুদ্রৈর্নীচৈর্যুদ্ধে রসঃ সিধ্যতি? ন চেত্তর্হি তদ্বর্ণনয়া চ কিম্? তত্রাহ স্থিতীতি; স্থিতৌ তস্য সাক্ষাল্লীলত্বাৎ তস্যাঃ প্রথমোক্তিঃ, য ইতি দ্বয়োরৈক্যাভিপ্রায়েণ। ননু কথমেকোঽনন্তানাং স্থিত্যাদি কুরুতে? তত্রাহ—অনন্তা গুণাঃ সার্ব্বজ্ঞ্য-চাতুর্য্যাদয়ো যস্য সঃ, তচ্চ স্বকীয়য়া লীলয়ৈব, ন চ তত্তৎসাধনপ্রয়াসাদিনা; স্ব-শব্দেন তত্র পরম-স্বাচ্ছন্দ্যমুক্তম্। চিত্রমাশ্চর্য্যহেতুরিত্যর্থঃ। হেতুমতি হেতুত্বোপচারান্ন লিঙ্গত্যাগঃ এবং পূর্ব্বপক্ষমনূদ্য সিদ্ধান্তমাহ মর্ত্ত্যানুবিধস্যেতি যস্তাদৃশালৌকিক-কর্ম্মাণ্যপি মনুষ্যলীলয়ৈব করোতি, ন ত্বৈশ্বর্য্যাবিষ্কারাদিনা তস্যেত্যর্থঃ ॥ জী° ২৯ ॥

২৯। শ্রীজীব বৈ° তো° টীকানুবাদ ঃ পূর্বপক্ষ—আচ্ছা কৃষ্ণ যদি জগদীশ্বর হন, তা হলে ক্ষুদ্রাতিক্ষুদ্র নীচের সহিত যুদ্ধে রস কি করে সাধিত হবে? যদি না হয়, তবে উহা বর্ণনেরই বা কি প্রয়োজন ছিল? এরই উত্তরে, 'স্থিতীতি'—স্থিতিতেই কৃষ্ণের সাক্ষাৎ লীলাপরায়ণতা থাকায় 'স্থিতিরই' প্রথম উক্তি। কৃষ্ণবলরামকে উদ্দেশ্যে 'য' একবচনে বলা হল দুজনের ঐক্য অভিপ্রায়ে। আচ্ছা কি করে এক অনন্ত 'স্থিতি সৃষ্টি-লয়' করেন কি করে? এরই উত্তরে—তার মধ্যে যে অনন্তগুণ, সর্বজ্ঞতা ও চাতুর্যাদি বর্তমান, তাই পারেন।—ইহা করেনও স্বলীলয়া—স্বকীয় লীলাতেই, সেই সেই সাধনপ্রয়াসাদি দ্বারা কিন্তু নয়। স্ব শব্দে তথায় পরম স্বাচ্ছন্দ বলা হল। চিত্রং—আশ্চর্য হেতু (লক্ষক) এখানে হেতুত্ব আরোপ করা হেতু লিঙ্গত্যাগ হয়নি অর্থাৎ 'চিত্র' শব্দের অর্থদ্যোতক সামর্থ ত্যাগ হয় নি।—এইরূপে 'কৃষ্ণেপক্ষে' এ কি চিত্র (আশ্চর্য) নহে। এই পূর্বপক্ষ আচ্ছাদিত করে সিদ্ধান্ত করা হচ্ছে, 'মর্ত্ত্যানুবিধস্য' ইতি যে কৃষ্ণবলরাম ভুবনত্রয়ের স্থিতি সৃষ্টি লয়রূপ অলৌকিক কর্মসকলও মনুষ্যলীলা করে থাকেন, ঐশ্বর্য-আবিষ্কারাদি দ্বারা নয়, তাই তাদের পক্ষে আশ্চর্য নয় ॥ জী° ২৯ ॥

২৯। শ্রীবিশ্বনাথ টীকা ঃ ননু, যদি জগদীশতা তদা কথং ক্ষুদ্রাতিক্ষুদ্রৈর্জীবৈঃ স্বস্যাননুরূপৈঃ সহ যুদ্ধে রসঃ সিধ্যতি। নচেত্তর্হি তদ্বর্ণনয়া কিন্তত্রাহ,—স্থিতীতি। তর্হি কিমত্যাশ্চর্যমিব বর্ণিতং তত্রাহ, তথাপীতি। মর্ত্ত্যানুবিধস্য মর্ত্ত্যাঃ সন্ননুরূপমেব বিধত্তে ইতি মর্ত্ত্যানুবিধস্তস্যায়মর্থঃ। যেন জগৎসৃষ্ট্যাদিকং করোতি তেনৈব যদি জরাসন্ধং জয়তি তদা খল্বননুরূপত্বান্ন রসঃ। যদি চ মর্ত্ত্যঃ সন্

জগ্রাহ বিরথং রামো জরাসন্ধং মহাবলম্ ।
হতানীকাবশিষ্টাসুং সিংহঃ সিংহমিবৌজসা ॥ ৩০ ॥

৩০। অন্বয় ঃ [হে রাজন্ !] রামঃ সিংহঃ সিংহমিবৌজসা হতানীকাবশিষ্টাসুং জগ্রাহ (গৃহিতবান্) (হতানি অনীকানী যস্য অবশিষ্টা "অসবঃ" প্রাণা যস্য তঞ্চ তঞ্চ) বিরথং মহাবলং জরাসন্ধং ।

৩০। মূলানুবাদ ঃ হে রাজা পরীক্ষিৎ । অতঃপর অন্য তাদৃশ লীলা শোন, এই আশয় বলা হচ্ছে—সিংহ যেমন অপর সিংহকে ধরে সেইরূপ বলরাম বেগে থাবা দিয়ে ধরলেন হতসৈন্য, প্রাণমাত্র-অবশিষ্ট জরাসন্ধকে ।

জয়তি তদা মর্ত্যাস্য প্রতিযোদ্ধা মর্ত্যোঽনুরূপ এব। তত্রাপ্যতিপ্রৌঢ়স্য জরাসন্ধস্য জয়াচ্চমৎকার ইতি রস এব ভবতি। নচ মর্ত্যদেহস্যাস্বরূপত্বং বাচ্যম্। পরমাত্মা নরাকৃতিঃ। "নরাকৃতি পরব্রহ্ম হরিঃ কারণ-মানুষ" ইতি "যন্মিত্রং পরমানন্দং পূর্ণং ব্রহ্ম" ইতি শ্রবণাৎ ॥ বি॰ ২৯ ॥

